শ্র ১৬.৪

হৃষীকেশ সিরিজ, নং—৯

মহাকবি বিদ্যাপতি বিরচিত

কীর্ত্তিলতা

(বাংলা ও ইংরাজী অনুবাদ সমেত)



মহামহোপাধ্যায়

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী এম্ এ, সি আই ই

সম্পাদিত

১৩৩১।



মূল্য ১॥০

কলিকাতা ওরিয়েণ্টাল প্রেস

১০৭ নং মেছুয়াবাজার ষ্ট্রীট্ হইতে

শ্রীনলিনচন্দ্র পাল, বি এ

কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

প্র ১৫৪

ভূমিকা

বিদ্যাপতির গান বঙ্গদেশে বহুকাল হইতে প্রসিদ্ধ। এমন কি বৈষ্ণব পদকর্ত্তারা বিদ্যাপতিকে এক রকম বাঙ্গালীই করিয়া ফেলিয়াছিলেন। তাঁহার সংস্কৃত পুস্তকগুলিও অনেক দিন জানা ছিল। কিন্তু তাঁহার যে দু'খানি কাব্য ছিল একথা কেহই জানিত না। মহামান্য সার জর্জ্জ গ্রীয়ারসন সাহেব যখন বিদ্যাপতির গানগুলি উদ্ধার করিতে থাকেন, তখন তিনি শুনিয়াছিলেন, বিদ্যাপতি আপনার সময়ের ঘটনা লইয়া দু'খানি কাব্য লিখেন একখানির নাম "কীর্ত্তিলতা," আর একখানির নাম "কীর্ত্তিপতাকা"। লোকের সংস্কার হইয়াছিল দু'খানিই শিবসিংহের কীর্ত্তি লইয়া লেখা। ১৮৯৮ সালে আমি একবার নেপাল যাই। তখন দরবারের পুথিখানায় দু'খানি পুথিই দেখি এবং তাহার নকল আনি। সে নকল ভাল হয় নাই কারণ তখন নকল করা বিদ্যাটায় কেহই পরিপক্ক ছিলেন না। তাই আবার যখন ১৯২২ সালে নেপাল যাই তখন দেখিয়া আসি পুথি দু'খানি ঠিক আছে কিনা। পরে মহারাজা সার চন্দ্র সমসের জঙ্গ মহাশয়ের অনুগ্রহে পুথি পাইয়া কীর্ত্তিলতা প্রকাশ করিতেছি।

তিনশত-বৎসর পূর্ব্বে জয়জগজ্জ্যোতির্ম্মল্ল মহারাজাধিরাজের সময়ে ৩০০ ঘর মৈথিল পণ্ডিত নেপালে যাইয়া বাস করেন।

তাঁহাদেরই কাহারও বাড়ী হইতে পুথি লইয়া এ পুথিখানি নকল করা হয়। নকল জগজ্জ্যোতির্ম্মলের আদেশ অনুসারেই হইয়াছিল। নকল করিয়াছিলেন, দৈবজ্ঞ নারায়ণ সিংহ। মৈথিল পুথি হইতে নেওয়ারী অক্ষরে নকল করিতে গিয়া লেখক যে দু' চারিটা ভুল করিবেন একথা বলাই বাহুল্য। আমরাও যে নেওয়ারী হইতে বাঙ্গালায় নকল করিতে আরও ২।৪টা ভুল করিব, ইহাও অপরিহার্য্য। বিশেষ যে ভাষায় এই পুথিখানি লেখা তাহাও সুবিদিত নহে। যাঁহারা বিদ্যাপতির গানগুলি ভাল করিয়া চর্চ্চা করিয়াছেন, তাঁহারাও এ ভাষা ভাল করিয়া বুঝিতে পারিবেন না। কারণ গানগুলি আদিরসের। আর এ তাঁহার সময়ের ঘটনা লইয়া। গানে আরবী, পার্সী, তুর্কির গন্ধও নাই, ইহাতে অনেক আছে। গানে রাজনীতির কথা নাই, যুদ্ধের কথাও নাই, এ বইখানি রাজনীতি আর যুদ্ধ লইয়াই লেখা। তাহার পর পুথির লেখা প্রায় পদচ্ছেদ করিয়া হয় না, সুতরাং অনেক জায়গায়ই ঘটক চূড়ামণির স্থানে "ঘট কচু ডামণি" হইয়া যায়। মানে জানা থাকিলেও ঘট কচু ডামণি, আর মানে জানা না থাকিলে আরও মুস্কিল। এই পুস্তকে যে শুদ্ধি-পত্র দেওয়া হইয়াছে, তাহাতে দেখিবেন অনেকটাই পদচ্ছেদের শুদ্ধি।

পুস্তকে বাঙ্গালা তর্জ্জমা দিয়াছি। যে সকল জায়গায় অর্থ বোধ হয় নাই; তথায় অনেকের সাহায্য লইবার চেষ্টা করিয়াছি কিন্তু বিশেষ উপকার পাই নাই। একজন মৈথিল

পণ্ডিত মহাশয় অনেক অর্থ করিয়া দিয়াছেন। তাঁহার নাম পল্টু ঝাঁ, তিনি সংস্কৃত বেশ ভাল জানেন। নিজের দেশের ভাষাও ভাল জানেন, তিনি অনেকগুলি জায়গায় বেশ ভাল অর্থ করিয়া দিয়াছেন। ধার্ম্মিক পণ্ডিতের মত তিনি যে খানে বুঝিতে পারেন নাই, স্পষ্ট করিয়া বলিয়া দিয়াছেন —বুঝিতে পারিলাম না। দু' একজায়গায় তিনি সন্দেহ করিয়া যাহা বলিয়াছেন তাহা আমি লই নাই। বোধ হয় লইলেই ভাল করিতাম। দায়িত্ব তাঁহারই থাকিত। আমিও যে অর্থ করিয়াছি তাহা ভাল হইয়াছে বলিয়া বোধ হয় না। বলিয়া জিলায় এক ব্রাহ্মণ এসিয়াটিক সোসাইটীর সর্দ্দার আছেন, তাঁহার নাম শ্রীউজাগর চৌবে তিনিও দু'চারিটী চল্‌তি কথায় অর্থ করিয়া দিয়াছেন। ইঁহাদের দু'জনের কাছে আমি চিরদিন কৃতজ্ঞ থাকিব।

"কীর্ত্তিলতা" একরকম ছাপান হইল। কিন্তু "কীর্ত্তি-পতাকা"র কিছু করিতে পারিলাম না, উহা আরও একশত বৎসর পূর্ব্বের লেখা, তালপাতায় টানা মৈথিল অক্ষরে লেখা। তাহা পড়িয়া উঠা গেল না। উহার আরও মুস্কিল এই যে, ৮ হইতে ২৯ পর্য্যন্ত পাতা নাই। তাই অসম্পূর্ণ পুথি উদ্ধারের জন্য বিশেষ উৎসাহও হইল না। পুথি যেমন আসিয়াছিল ফেরৎ দিলাম।

আমার প্রথম ধন্যবাদ নেপালের মহারাজা সার সম্‌সের জঙ্গ মহোদয়কে, তিনি পুথিখানি ধার না দিলে কিছুই হইত না। আমার দ্বিতীয় ধন্যবাদ শ্রীমান কুমার ডাক্তার নরেন্দ্রনাথ লাহা

মহোদয়কে। তিনি বহুঅর্থ ব্যয় করিয়া বহুতর উৎকৃষ্ট পুস্তক ছাপাইতেছেন, কীর্ত্তিলতা ছাপাইবার সমস্ত ভার তিনি আপনার স্কন্ধে লইয়াছেন এবং আমার দায়িত্ব কতক পরিমাণে লাঘব করিবার জন্য নিজ অর্থব্যয়ে কীর্ত্তিলতার কতকগুলি পাতার ফটোগ্রাফও এই পুস্তকে লাগাইয়া দিয়াছেন।

২৬ নং পটলডাঙ্গা ষ্ট্রীট্,
কলিকাতা
২৯, ডিসেম্বর ১৯২৪

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী

ESTD. 1888 CALCUTTA

কীৰ্ত্তিলতা

আমাদের দেশে বহুকাল ধরিয়া একরূপ গল্প চলিয়া আসিতেছে যাহার নাম "ব্যাঙ্গমা ব্যাঙ্গমীর গল্প।" ব্যাঙ্গমা-ব্যাঙ্গমী শব্দের অর্থ কি তাহা আমরা জানিতাম না। ৺ লাল-বিহারী দে Folk Tales of Bengal নামে যে বই লিখিয়াছেন, তাহাতে ব্যাঙ্গমা-ব্যাঙ্গমীর গল্প আছে। তিনি ব্যাঙ্গমকে বিহঙ্গম আর ব্যাঙ্গমীকে বিহঙ্গমা করিয়াছেন। ব্যাঙ্গমা ব্যাঙ্গমী গাছে বসিয়া অনেক রকমের গল্প করে। নীচে গাছের তলায় বসিয়া মানুষ তাই শুনে ও শুনিয়া আপনাদের সম্বন্ধে এবং আপনার আত্মীয়দের সম্বন্ধে অনেক খবর পায়। তারপর আপনার ভাগ্য পরিবর্ত্তন করিবার চেষ্টা করে; তাহাতেই গল্পগুলি জমে।

বিদ্যাপতির 'কীর্ত্তিলতা' এইরূপ ব্যাঙ্গমা ব্যাঙ্গমীর গল্প। একটা ভৃঙ্গী তাহার স্বামীকে জিজ্ঞাসা করিতেছে; পুরুষ কাহাকে বলে, পুরুষের লক্ষণ কি ?

ভৃঙ্গ বলিতেছে—পুরিসত্তণেন পুরিসও নহি পুরিসও জম্মমত্তেন।

জল দানেন হু জলও নহু জলও পুঞ্জিও ধূমো ॥

সো পুরিসো জস্‌সু মানো সোপুরিসো জস্‌স অজ্জনে সত্তি।

ইঅরো পুরিসাআরো পুচ্ছবিহূনো পস্‌সু হোঈ ॥

পুরিস কাহানী হঞো জসু পথাবে পুন্ন।
সুকৃথ সুভোঅন সুভবঅণ দেবেহা জাই সপুন্ন॥
পুরুস হুঅউঁ বলিরাএ জাসু করে কম্মে পসারিঅ।
পুরিস হুঅউঁ রঘুতনঅ জন্মে বলে রাবণ মারিঅ॥
পুরিস ভগীরথ হুঅউঁ জেন্মে নিঞ কুল উদ্ধরিউঁ।
পরসুরাম অরু পুরিস জেন্মে খত্তিঅ খঅ করিঅউঁ॥
অরু পুরিস পসংসঞো রায়গুরু কিত্তিসিংহ গএণেস সুঅ।
জো সত্তু সমর সম্মদ্দিকহু বপ্যবৈর উদ্ধরিঅ ধুঅ॥

ভৃঙ্গী বলিতেছে—রায় চরিত্ত রসাল এহু ণাহ ন রাখি হঁ গোএ।
কবন বংস কো রাঅ সো কিত্তিসিংহ কো হোএ॥

ভৃঙ্গ বলিলেন—কর্কশ তর্ক ও বেদপাঠে নিরত, দানে দারিদ্র্যনাশকারী, পরম ব্রহ্ম ও পরমার্থের জ্ঞানে নিরত, ধনদান করিয়া কীর্ত্তি-লাভ-কারী—সংগ্রামে শত্রুর সহিত যুদ্ধে বিজয়শীল এমন যে প্রসিদ্ধ ওইনী বংশ তাহাতে কীর্ত্তিসিংহ জন্মগ্রহণ করিয়াছিলেন। ভুজবীর্য্য আর ব্রাহ্মণত্ব দুই একত্র আর কোথাও পাওয়া যায় না। সেই বংশে কামেসর নামে রাজা জন্মিয়াছিলেন। তাঁহার পুত্র ভোগীশ: রায়। তিনি ইন্দ্রের ন্যায় পৃথিবী ভোগ করিতেন; তিনি কুসুমায়ুধের ন্যায় সুন্দর ছিলেন। যাচকদিগকে প্রচুর ধনদান করিতেন। সুলতান ফিরোজ শাহ তাঁহাকে প্রিয় সখা বলিয়া সম্মান করিয়াছিলেন। তিনি আপন গুণে, আপন দানে ও লোকের সম্মান করিয়া সকলকে আপনার বশ করিয়াছিলেন। কুন্দকুসুমের মত তাঁহার

যশ পৃথিবী ছাইয়া ফেলিয়াছিল। তাঁহার পুত্র রায় গএণেস নীতিশাস্ত্রে দক্ষ ছিলেন এবং আপনার কীর্ত্তিতে দশদিক আচ্ছন্ন করিয়াছিলেন। তিনি দানে গুরু ছিলেন, মানে গুরু ছিলেন, শত্রুগণকে সংহার করিয়াছিলেন, সত্যে গুরু ছিলেন, লাবণ্যে গুরু ছিলেন। তাঁহার পুত্র যুবরাজগণের মধ্যে মহারাজাধিরাজ বীরসিংহ দেব ছিলেন। তাঁহারই কনিষ্ঠ গুণগরিষ্ঠ কীর্ত্তি-সিংহ ভূপাল এখন মেদিনী শাসন করিতেছেন। তিনি চিরকাল জীবিত থাকুন এবং ধর্ম্ম পরিপালন করুন। অতুল বিক্রমে তাঁহাকে বিক্রমাদিত্যের সহিত তুলনা করা যায়, তিনি সাহস করিয়া পাতশাহের নিকট যাইয়া তাঁহার আরাধনা করিয়া দুষ্টের দর্প চূর্ণ করিয়াছিলেন, পিতৃবৈরী উদ্ধার করিয়া ছিলেন।

প্রথম পল্লব শেষ।

ভৃঙ্গী আবার জিজ্ঞাসা করিতেছে—শত্রুতা কিরূপ করিয়া উৎপন্ন হইল? কেমন করিয়া তিনি পিতৃবৈরী উদ্ধার করিলেন? হে প্রিয়, তুমি আমাকে সেই কাহিনী বল, আমি সুখে শুনিব।

ভৃঙ্গ বলিতেছে—লক্ষ্মণ সেন রাজার ২৫২ বৎসরে (পক্ষ পঞ্চবে) মধুমাস প্রথম পক্ষ পঞ্চমী তিথিতে রাজ্যলুব্ধ অসলান রাজা গণেশের বুদ্ধি ও বিক্রমবলে হারিয়া গেল। কিন্তু সে দুষ্ট পরম বিশ্বাসী রাজা গণেশের পাশে বসিয়া তাঁহাকে মারিয়া ফেলিল। পৃথিবী হাহাকারে পূর্ণ হইল, স্বর্গের অপ্সরীদের বামনয়ন স্পন্দন হইল। ঠাকুরেরা ঠক হইয়া গেল, চোরেরা

প্রবল হইয়া উঠিল। ধর্ম্ম ডুবিয়া গেল, খলেরা সজ্জনকে পরিভব করিতে লাগিল, দেশে বিচারক রহিল না, জাতি অজাতিতে বিবাহ হইতে লাগিল, অধম উত্তমকে কাঁপাইয়া দিতে লাগিল। বড়লোক সব ভিখারী হইয়া গেল। তিরহুতের সব গুণ নাশ হইয়া গেল। তুরুষ্ক অসলান দেখিলেন, তিনি বড় মন্দ কাজ করিয়া ফেলিয়াছেন, তখন তিনি মনে করিলেন, আমি কীর্ত্তিসিংহকে রাজসম্মান করিয়া রাজ্য ফিরিয়া দিব। কিন্তু সিংহপরাক্রম মানধন কীর্ত্তিসিংহ তখন বৈরী উদ্ধারের জন্য সঙ্কল্প করিয়াছিলেন, তিনি শত্রু-সমর্পিত রাজ্য অঙ্গীকার করিলেন না। তাঁহার মা জিদ করিতে লাগিলেন, অপর গুরু-লোক জিদ করিতে লাগিল, মন্ত্রী মিত্র সকলে শিক্ষা দিতে লাগিল, তুমি এমন কর্ম্ম করিও না, রাজ্য ত্যাগ করিয়া পিতৃবৈরী উদ্ধার করিবার জন্য প্রতিজ্ঞা করিও না। রাজা গণেশ গিয়াছেন, তিনি স্বর্গে ইন্দ্রের সমাজে অবস্থান করিতেছেন, তুমি শত্রুকে মিত্র করিয়া তিরহুতি রাজ্য ভোগ কর। কীর্ত্তি-সিংহ রাগিয়া রাগিয়া বলিতে লাগিলেন, ওরে তোরা স্বামীশোক ভুলিয়া গিয়াছিস্, তোরা কুটিল রাজনীতি অবলম্বন করিয়া কথা কহিতেছিস্, আমার কথা শোন। মাতা মমতায় আবদ্ধ হইয়া একথা বলিতেছেন, মন্ত্রী রাজনীতি অনুসারে একথা বলিতেছেন, কিন্তু বীরপুরুষের রীতি আমার একমাত্র প্রিয় পদার্থ। মানকে বিসর্জ্জন দিয়া শত্রুর শরণাগত হইয়া জীবনধারণে কিছুই কাজ নাই। যে অপমানে দুঃখ বোধ করে না, দানরূপ খড়্গের মর্ম্ম

জানেনা, পরোপকারকে ধর্ম্ম বলিয়া মনে করে না, সেই ধন্য, তাহার চিত্ত নাই, তাহার বড় শোভা! আমি শত্রুপুরী ধ্বংস করিয়া গ্রহণ করিব। বলিতে পারি না পারিব কিনা—কিন্তু আমার জ্যেষ্ঠ গরিষ্ঠ মন্ত্রবিচক্ষণ ভাই আছেন, আমি পিতৃবৈরী উদ্ধার করিব; সাহস করিয়া যুদ্ধ করিব, শরণাগত হইয়া মুক্ত হইব না, দানে দরিদ্র দলন করিব। কিন্তু কাতর বাক্য প্রয়োগ করিব না, নিজের মান রক্ষা করিব। কখনও নীচ জনের সহিত প্রীতি করিব না। রাজ্য থাকুক আর যাক্, বীরসিংহ আমার প্রভু।

তখন দুই সহোদরে মিলিয়া রাম লক্ষ্মণের ন্যায় পায়ে চলিয়া বাহির হইলেন। তাঁহাদের সেইভাবে যাইতে দেখিয়া যে যেখানে ছিল, সকলেই চক্ষের জল ফেলিতে লাগিল। তাঁহারা রাজছত্র ত্যাগ করিলেন, পরিজনবর্গকে ত্যাগ করিলেন, রাজ্য-ভোগ ত্যাগ করিলেন, চতুরঙ্গ সেনা পরিত্যাগ করিলেন, জননীর পায়ে প্রণাম করিলেন, জন্মভূমির প্রতি স্নেহ ছাড়িলেন, ধন ছাড়িলেন, ধনী ছাড়িলেন, নবযৌবনা পত্নী ছাড়িলেন, পাতশাহের উদ্দেশে গমন করিলেন।

দুই কুমার হরি হরি স্মরণ করিয়া পায় চলিতে লাগিলেন। তাঁহারা যে গ্রামে যাইতে লাগিলেন, গ্রামের লোক এককড়িও না লইয়া তাঁহাদের সেবা করিতে লাগিল, কেহ কাপড় দিল, কেহ সম্বল দিল, কেহ সেবক দিল, কেহ ঋণ দিল, কেহ নদী পার করিয়া দিল, কেহ ভার বোঝা বহিতে লাগিল, কেহ সোজা

পথ দেখাইয়া দিতে লাগিল, কেহ বিনয় করিয়া আতিথ্য গ্রহণ করাইতে লাগিল, কতদিন পরে রাস্তা শেষ হইল। যাহারা এইরূপ করিয়া উদ্যম পালে, তাহাদের লক্ষ্মী নিশ্চয়ই বশ হয়। তাহাদের সাহসের সিদ্ধি হয়। বিচক্ষণ পুরুষে যাহা যাহা চায় তাহা নিশ্চয়ই সিদ্ধ হয়। পথ শেষ হইলে তাঁহারা দেখিলেন জোনাপুর নামে নগর, লক্ষ্মীর বিশ্রাম স্থান, নয়নমনোরঞ্জন। সেই সুন্দর নগরের মেখলাস্বরূপ একটী সুন্দর নদী আছে, সেখানে অনেক পাথরের বাড়ী, অন্তঃপুর। চৌতালা-বাড়ী, অনেক উদ্যান, তাহাতে নূতন পাতা হইতেছে, ফুল হইতেছে, আমের গাছ আছে, চাঁপার গাছ আছে। মকরন্দ পানে মত্ত হইয়া ভ্রমরেরা গুঞ্জন করিতেছে—তাহাতে মন মুগ্ধ হইতেছে। অনেক পুকুর আছে, তাহাতে বক সারসাদি পক্ষী বিচরণ করিতেছে এবং তাহার নিকট বড় বড় বাড়ী রহিয়াছে। সেখানে অনেক সোপান আছে। তোরণ আছে। যন্ত্র আছে, ঝোলন আছে, জালি কাজ আছে। তাঁহারা একদিন নগর দেখিয়া বেড়াইলেন। নগরে শতসহস্র হাট বাট রহিয়াছে—শাখানগর, শৃঙ্গাটক রহিয়াছে—গোপুর, বকহটী, বলভী, বীথি, অট্টালিকা, হাট ঘাট কতই রহিয়াছে। পুরবিন্যাসের কথা কি বলিব, মনে হইতেছে যেন দ্বিতীয় অমরাবতীতে আসিয়াছি। তাঁহারা ঘুরিতে ঘুরিতে ধনহটা, শোনহটা, পনহটা, পকান্ন-হটা, মচ্ছহটা কতই দেখিতে লাগিলেন, কতই কলকোলাহল, তাঁহাদের কান ভরিয়া দিতে লাগিল। সকলেই সুখে-সচ্ছন্দে

আছে বলিয়া ইব্রাহিম শাকে খুব প্রশংসা করিতেছে।

সব্বেউঁ নারি বিঅক্খণী সব্বেউঁ সুস্থিত লোক।
সিরি ইমরাহিমশাহগুণে নহি চিন্তা নহি শোক॥

কবি তুরুক্কদিগের লক্ষণ দিতেছেন—

ততো বে কুমারো পইট্ঠে বজারো।
জহিঁ লক্খ ঘোরা মঅঙ্গা হজারো॥
কহাঁ কোটি গন্দা কাঁহা বাদি বন্দা।
কহা দূরি রিক্কা বিএ হিন্দু গন্দা॥
তহী তথ্থ কূজা তবেল্লা পসারা।
কহঁী তীর কম্মান দোক্কাণদারা॥
সরাফে সরাফে ভরে বেবি বাজূ।
তৌল্লন্তি ফেরা লসুলা পেআজূ॥
খরীদে খরীদে বহুতো গুলামো।
তুরক্কে তুরক্কে অনেকো সলামো॥
বেসাহন্তি থীসা মইজ্জল্ল মোজা।
ভমে মীর বল্লীঅ সইল্লার খোজা॥
অবেবে ভণন্তা সরাপা পিবন্তা।
কলীমা কহন্তা কলামে জাঅন্তা॥
কসীদা কটন্তা, মসীদা ভরন্তা।
কিতেবা পঢ়ন্তা তুরুক্কা অনন্তা॥

হিন্দু মুসলমানের ব্যবহার।

হিন্দূ তুরকে মিলল বাস।

এক্কক ধম্মে অওকা উপহাস ॥
কতহু বাঁগ কতহু বেদ।
কহু মিসিমিল কতহু ছেদ ॥
কতহু ওঝা কতহু খোজা।
কতহু নকত কতহু রোজা ॥
কতহু তম্বারু কতহু কূজা।
কতহু নিমাজ কতহু পূজা ॥
কতহু তুরুক বরকর।
বাটঁ জাইতেঁ বেগার ধর ॥
ধরি আনএ বাঁভন বড়ুআ।
মথা চড়াবএ গাইক চুড়ুয়া ॥
ফোট চাট জনউ তোড়।
উপর চড়াবএ চাহ ঘোর ॥
ধোআ উরি ধানে মদিরা সাঁধ।
দেউর ভাঁগি মসিদ বাঁধ ॥
গোরি গোমঠ পূরলি মহী।
পএরহু দেমাএ কঠাম নহি ॥
হিন্দু বোলি দূরহি নিকার।
ছোটেও তুরুকা ভভকি মার ॥
হিন্দু হি গোট্টও গিলিএ হল। তুরুক দেখি হোঅ ভান ॥
অইসেও তসু পরতাপে রহে। চিরে জিবত সুরুতান ॥

হট্ট হি হট্ট ভমন্তও দূঅও রাজকুমার।
দিট্টি কুতূহল কজ্জ রসঁ তো পইঠ্ দরবার॥

দরবারের অবস্থা অতি ভয়ানক। নানাদেশ হইতে তুর্কেরা আসিতেছে—তাহাদের পদভরে মেদিনী কম্পিত হইতেছে—পাষাণ চূর্ণ হইতেছে। বড় বড় রাজা দরবারে আসিয়াছে—কিন্তু বৎসরাবধি সুলতানের সহিত দেখাই হইতেছে না। তুর্কেরা দেউড়ীর ভিতর যাতায়াত করিতেছে, আর তাহাদিগকে গালি পাড়িতেছে।

তেলঙ্গা বঙ্গা চোল কলিঙ্গা রাআ পুত্তে মণ্ডীআ।
নিঅ ভাসা জপ্পই সাহস কম্মই জইসূ রাজই পণ্ডীআ॥
রাউত্তা পুত্তা চলএ বহুত্তা, অতরে পটরে সোভন্তা।
সংগামসুহব্বা জনি গন্ধব্বা রূঞে পর মন মোহন্তা॥
ওহু খাস দরবার সএল্ মহিমণ্ডল উপ্পরি।
উত্থি অপন বেবহারে রাঙ্কলে চাঅহু চপ্পরি॥
উত্থি সত্থু উত্থি মিত্ত উত্থি সির নবই সববকই।
উত্থি সাতি পরসাদ উত্থি ভএ জাএ ভবেব কই॥
নিঅ ভাগ অভাগ বিভাগ বল ওঠ মাহিঁ জানিঞ সববগএ।
এহু পাতিশাহ সবব লোঅ উপ্পরি তসু উপ্পরি করতাল পএ॥

ইহার পর দরবারের বর্ণনা। প্রমোদবন, পুষ্পবাটিকা, কৃত্রিম নদী, ক্রীড়াশৈল, ধারাগৃহ, যন্ত্রব্যজন, শৃঙ্গারসঙ্কেত বিশ্রামচৌরা, চিত্রশালী, খট্টা, হিণ্ডোল, কুসুমশয্যা, মাণিক্য চন্দ্রকান্তশিলা, চতুঃসমপল্লব এই সকল জায়গায় দুই ভাই

ভ্রমণ করিয়া ভিতরের সব খবর লইলেন। সকল মহলের মর্ম্ম জানিলেন, বুদ্ধিমান লোকের সহিত কথা কহিয়া সব সমঝাইয়া লইলেন, তার পর নগরের মধ্যস্থলে এক ব্রাহ্মণের ঘরে বাস করিতে লাগিলেন।

দ্বিতীয় পল্লব শেষ।

ভৃঙ্গী আবার জিজ্ঞাসা করিতেছে—হে কান্ত, তোমার কথা আমার কানে যেন অমৃত রস ঢালিয়া দিতেছে। ইহার পর কি হইল, আমাকে বলিয়া যাও।

ভৃঙ্গ বলিতেছে—ব্রাহ্মণের ঘরে রাত্রি কাটাইয়া প্রভাত হইলে নিদ্রার পর উঠিয়া রাজকুমারেরা মুখ ধুইলেন, এবং উজিরের বাড়ী উপস্থিত হইয়া তাঁহাকে আপনাদের কাজের কথা সব বলিলেন। যদি প্রভু আমাদের প্রতি প্রসন্ন হ'ন, তাহা হইলে আমরা রাজ্য ফেরত পাইতে পারি। মন্ত্রী রাজার নিকট প্রস্তাব করিলেন; পাতশাহ বলিলেন—শুভ মুহূর্ত্তে তাহাদের আমার কাছে নিয়া আইস। একটী ঘোড়া ও একখানি কাপড় নজর দিয়া দুঃখ এবং বৈরাগ্যকে হৃদয়ে চাপিয়া কুমারেরা পাতসাহকে প্রসন্ন করিলেন এবং কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন। পুনঃ পুনঃ সেলাম করিয়া কীর্ত্তি সিংহ বৃত্তান্ত কহিতে লাগিলেন।

অজ্জ উচ্ছব, অজ্জ কল্লান, অজ্জ সুদিন, অজ্জ সুমুহুত্ত, অজ্জ মাঞে মঝু পুত্ত জাইঅ।

অজ্জ পুণ্ণ পুরিসথ যাতি পাতিশাহ পাপোস পাইঅ।

অকুশল বেবি হি এক্ক পই অবর তুজ্ঝ পরতাপ।
অরু লোঅন্তর মগ্গউঁ গঅন রাএ মঝু বাপ॥
ফরমান ভেল কঞো ণ চাহি।
তিরহুতি লেলজহ্নি সাহি॥
ডরে কহিনী কহএ আন।
ঞহা তোহে তাঁহা অসলান॥

অসলান তোমার ফরমান ফেলিয়া দিয়া রাজা গণেশকে মারিয়া ফেলিয়া চামর চালাইতেছে, মাথায় ছত্র ধরাইতেছে। তিরহুতি ভোগ করিতেছে, তথাপি তাহার প্রতি আপনার রাগ নাই। অসলান স্বচ্ছন্দে রাজ্য করিতেছে—এখন আপনি যদি এই সকল সহ্য করেন, তবে অভিমানে জলাঞ্জলি দান করুন। আপনার দান মান অতুলনীয়, সব রাজারাই আপনার বশ, আপনি এইরূপ অন্যায় যাহাতে না হইতে পারে তাহা করুন।

এই সকল কথা শুনিয়া সুরতান রোমাঞ্চিত হইয়া উঠিলেন, ভ্রূযুগল ভঙ্গ হইল, ঠোঁট ফুলিতে লাগিল, চোখ রাঙ্গা হইয়া উঠিল, খাঁ এবং ওমরাহ্‌গণকে তখনি আজ্ঞা হইল—তোমরা সকলে এখনি তিরহুতিতে যুদ্ধযাত্রা করিবার উদ্যোগ কর। তখন যুদ্ধযাত্রার ঘোরতর উদ্যোগ হইতে লাগিল। সকলেই বলিতে লাগিল, আমি একাই গিয়া অসলানকে পাকড়াও করিয়া আনিব। তখন দুই সহোদর অত্যন্ত আনন্দিত হইলেন, এমন সময়ে খবর আসিল যে, সুলতান পূর্ব্ব দিকে যাইবার জন্য সৈন্য সংগ্রহ করিয়া পশ্চিমদিকে যাইবার উপক্রম করিতে-

ছেন। বিধির বিচিত্র খেলা, এক করিতে আর হইয়া গেল। রাজকুমারেরা বড় বিষণ্ণ হইয়া পড়িলেন। আবার পরিশ্রম করিতে হইবে। আমাদের কার্য্য এবার বিফল হইল। রাজ-পুত্রদের দুঃখিত দেখিয়া বীরসিংহ দেবের মন্ত্রী বলিলেন, আপনারা মনে দুঃখ করিবেন না।

দুঃখে সিজ্‌ঝই রাজঘর কজ্জ।

অর্থাৎ রাজার বাড়ীর কাজ অনেক দুঃখে সিদ্ধ হয়। কিন্তু আপনারা সাহস ছাড়িবেন না। সাহস নহিলে সিদ্ধি হয় না। বীরপুরুষের উৎসাহই প্রধান আশ্রয়। সুলতান পৃথিবী-পতি, তোমরা রাজকুমার, তোমরা যদি একচিত্তে সেবা কর, তোমাদের মনোরথ পূর্ণ হইতে পারে। ইহারই মধ্যে আবার রোল পড়িয়া গেল, সৈন্য ত্রিহুতেই যাইবে। সুলতানী তক্তান যাইবে। সুলতান ইব্রাহিমের তক্তান চলিল, পাহাড় টলিতে লাগিল, পৃথিবী নড়িতে লাগিল, নাগের মন কাঁপিতে লাগিল, সূর্য্যরথের যে পথ তাহা ধূলিতে ভরিয়া গেল, শত শত তবল বাজিতে লাগিল, ভেরী ডুক্কিতে লাগিল, প্রবল মেঘের ন্যায় ঘোররব হইতে লাগিল! যখন সেনা চলিতে লাগিল তখন শত্রুর ঘরেও ভয় উপস্থিত হইল, তাহাদের আর নিদ্রা হইল না।

খগ্গ লই গবব কই তুলুক যবেঁ যুজ্‌ঝই।
অপি সগর সুর নঅর সংকপল মুজ্‌ঝই॥

বাদশাহ যখন দিগ্বিজয়ের জন্য প্রস্থান করিলেন, তিনি দুর্গম স্থানে যাইতে লাগিলেন, সকলের নিকট কর চাহিতে লাগিলেন,

স্বার্থ ও যশঃ তাঁহার দুইই হইতে লাগিল। তিনি অনেক বন্দী লইতে লাগিলেন, গিরিপত্তন ভঙ্গ করিতে লাগিলেন, সাগরকে সীমা করিয়া তুলিলেন, নদী পার হইতে লাগিলেন, শত্রুকে বিদীর্ণ করিতে লাগিলেন, তাহাদের সর্ব্বস্ব হরণ করিতে লাগিলেন, এক জায়গায় থাকিয়া দশ জায়গা জয় করিতে লাগিলেন। সৈন্য চলিয়া যাইতে লাগিল, এক সের জল কিনিয়া আনিয়া কাপড় দিয়া ছাঁকিয়া খাইতে লাগিল, জলের জন্য সোনার টাকা দিতে হইল, চন্দনের মূল্যে জ্বালানীকাঠ বিকাইতে লাগিল; অনেক কড়ি দিয়া একটু ঘী কিনিতে পাইল। এইরূপে তাহারা দূর দিগন্তর যাইতে লাগিল। সকলেই যুদ্ধের জন্য উৎসাহ প্রকাশ করিতেছে। রাজকুমারেরা অনেকস্থলেই ফলমূল খাইয়া রহিলেন। তুরুষ্কের সঙ্গে যাইবার সময় তাঁহাদিগকে অনেক কষ্টে আচার রক্ষা করিতে হইয়াছিল। না খাইয়া বেচারাদের শরীর কৃশ হইয়া গেল, কাপড় পুরাণ হইয়া গেল, যবনের স্বভাবই নিষ্করুণ; তথাপি সুরতান এসকল কথা স্মরণ করিলেন। তাঁহাদের অর্থ নাই। কেনা কাটা করিতে পারেন না। বিদেশে ঋণ সম্ভব নয়। মানই তাঁহাদের ধন, লক্ষ্মী ভিক্ষা মাগে না। রাজঘরে তাঁহাদের উৎপত্তি হইয়াছে—ছোট কথা বলিতে লজ্জা করেন। তাঁহারা স্বামী সেবায় নিঃশঙ্ক হইবেন দৈবে তাঁহাদের এ আশা পুরাইল না। হায় হায়, বড় লোকে কি করে! উপবাস গণিয়া গণিয়া যায়। তাঁহারা দিনে দিনে অতি দুষ্কর করিতে লাগিলেন। তবু তাঁহারা কিছুতেই চুকিলেন না। শ্রীকেশব

কায়স্থ আর সোম ইহারা দুইজনে এই দূরপথে তাহাদের কিছু কিছু সেবা করিতে লাগিলেন। তাঁহারা দুই ভাই অত্যন্ত কষ্টে আচার রক্ষা করিয়া গুণপরীক্ষা করিয়া, হরিশ্চন্দ্র-কথা নলোপাখ্যান, বামদেবের চরিত্র, দানপ্রীতি, বলি-কর্ণ-দধীচি প্রভৃতির কথা কহিয়া উৎসাহসহকারে যাইতে লাগিলেন। সেই সময়ে কীর্ত্তিসিংহ এবং রাজা ভাবিতে লাগিলেন, আমাদের ত এই কষ্ট, আমাদের মা এতক্ষণ জীবিত আছেন কিনা, উহাদের সঙ্গে উঁহাদের সন্ধিবিগ্রহিক আনন্দ এবং মিত্র শ্রীহংসরাজ উভয়েই ছিলেন। তাঁহারা সর্ব্বস্ব উপেক্ষা করিয়া রাজকার্য্যে নিযুক্ত ছিলেন। আর ছিলেন, রায়সিংহ উঁহাদের সহোদর, মন্ত্রী গোবিন্দ দত্ত, আর ছিলেন শিবভক্ত হরদত্ত। তাঁহারা সকলে বলিতে লাগিলেন—

বিপঅন আবই তাসু ঘর
জসু অনুরত্ত ও লোগ

এইরূপে নানা কষ্ট সহ্য করিয়া তাঁহারা পরিশেষে তিরহুতির সীমায় আসিয়া পোঁছিলেন।

তৃতীয় পল্লব শেষ হইয়া গেল।

ভৃঙ্গী বলিতেছে—

কহ কহ কন্তা সব্ব ভনন্তা কিমি পরি সেনা সঞ্চরিয়া।
কিমি তিরহুত্তী হোহউঁ পবিত্তী অরু অসলান কিক্করিয়া॥

ভৃঙ্গী বলিতেছে—

কিত্তিসিংহ গুণক [হ]ঞো পেঅসি অপ্পহি কান।
বিন্থু জনে বিন্থু ধনে ধন্ধে বিন্থু জেঁ চালিঅ সুরুতান॥

কুমারেরা খুব বাহাদুর, মলিক অসলানও খুব বাহাদুর। এই দুইজনের জন্যই সুলতানের ত্রিহুতে আগমন হইয়াছে। সুলতানের আজ্ঞায় লক্ষাবধি পদাতিক আসিয়াছে, নানারূপ রণ-বাদ্য বাজিতে লাগিল, করী, তুরঙ্গ, পদাতিক গিজগিজ করিতে লাগিল, চারিদিকে সঙ্গে সঙ্গে রোল পড়িয়া গেল, ক্রমে চতুরঙ্গ বল আসিয়া ত্রিহুতে পৌঁছিল। তার পর হাতীর বর্ণনা, ঘোড়ার বর্ণনা, পদাতিকদের বর্ণনা সৈন্যসজ্জার বর্ণনা, লুটপাটের বর্ণনা তুর্কীদিগের পিছনে হিন্দুর দল আসিতে লাগিল। অনেক রাজা আসিলেন, কত রাউত আসিলেন, তাহার ঠিকানাই নাই; এইরূপ মহাআড়ম্বরে সুলতান আসিয়া ত্রিহুতে উপস্থিত হইলেন এবং সিংহাসনে বসিলেন—

বাট সন্তরি, তিরহুতি পইঠ।
তকত পরি সুরুতান বইঠ॥
দুহুক আনি সুনি, কহুঁ তংখনে ভৌ ফরমান।
কেন পআরে নিবসিঅউ বড় সমথ অসলান॥

কীর্ত্তিসিংহ তখন বলিলেন আমি যেরূপে পারি

"পকালি দঞো অসলান"

ইন্দ্র যদি আসিয়া তাহার সহায় হন, তাহা হইলেও তাহাকে ধরিয়া দিব। আমি আজ পিতৃবৈরী উদ্ধার করিব। শত্রুর

সহিত যুদ্ধ করিব। অসলানকে মারিয়া ফেলিব। তাহার রুধির লইয়া পায়ে দিব।

তখন তিনি সৈন্য সামন্ত লইয়া গণ্ডক নদী পার হইয়া অসলানের ছাউনির উপর পড়িলেন। কিয়ৎক্ষণ ধরিয়া ঘোরতর যুদ্ধ হইল। কিন্তু ঘোরতর যুদ্ধে অসলান, কীর্ত্তিসিংহ ও বীরসিংহের সহিত যুদ্ধে পারিয়া উঠিল না।

তবেঁ চিন্তই মলিক অসলান
সব্ব সেন মহ পলই পাতিসাহে কো হান আইঅ
অনঅ-মহাতরু ফলিঅ দুট্ঠ দৈব মহু নিঅর আইঅ
তোপল জীবন পলটি কহুঁ থির নির্ম্মল জসলঞো
কীত্তিসিংহ সঞো সিংহ সঞো ঘটভেলি এক দেঞো।

এখন কীর্ত্তিসিংহে ও অসলানে দ্বন্দযুদ্ধ আরম্ভ হইল। তরবারি তরবারির আঘাতে বিদ্যুৎ চমকিতে লাগিল। দুজনের শরীর দিয়া শোণিত ধারা বহিতে লাগিল। অসলান পৃষ্ঠ প্রদর্শন দিলেন। সেই সময় কীর্ত্তিসিংহ গর্ব্বভরে বলিতে লাগিলেন, অরে অরে অসলান, প্রাণ-কাতর অবজ্ঞাত-মানস, সমর-পরিত্যাগ-সাহস, ধিক জীবন-মাত্র-রসিক, কী জাসি অপযশ সাহি সত্তু করী ডিঠি সঞো পিঠী দএ। ভাহু ভৈস্থর ক সোঝ জাহি। জৈ ধকঁ জীবসি জীব জঞো জাহি জাহি অসলান তিহুঅন জগ্‌গই কিত্তি মম তুজ্‌ঝু দিঅউঁ জিবদান। রণজয় হইবার পর ভেরি-ধ্বনি উঠিল, নৃত্যগীতবাদ্য হইতে লাগিল, বান্ধবেরা উৎসাহ

করিতে লাগিলেন, পাতিশাহ কীর্ত্তিসিংহের কপালে তিলক দিলেন।

ব্যাঙ্গমা ব্যাঙ্গমীর, ভৃঙ্গ ভৃঙ্গীর, গল্পও শেষ হইল।

BAGBAZAR READING LIBRARY
ESTD. 1888.
CALCUTTA.

বিদ্যাপতি।

বিদ্যাপতি বাঙ্গালার ও মিথিলার একজন আদিকবি ও মহা-কবি। তিনি একাধারে সম্পন্ন-গৃহস্থ, ব্রাহ্মণ-পণ্ডিত, কবি, পদকর্ত্তা, সভাসদ, রাজকর্ম্মচারী, সেনাপতি এবং সংস্কৃত ও মৈথিল ভাষায় নানাগ্রন্থের গ্রন্থকার। কিন্তু তাঁহার খ্যাতি প্রতিপত্তি গান বাঁধাতেই হইয়াছিল। তাঁহার গান যে শুদ্ধ মিথিলার লোকেই মুগ্ধ হইয়া ছিল, এমন নহে সমস্ত আর্য্যাবর্ত্ত তাঁহার গানে মুগ্ধ হইয়াছিল। বেশী হইয়াছিল বাঙ্গালা। চৈতন্য-দেব তাঁহার গান বড় ভালবাসিতেন। সুতরাং চৈতন্য সম্প্রদায়ের সব লোকই বিদ্যাপতির গোঁড়া ছিলেন। চৈতন্যের সময়ের এবং পরের অনেক পদকর্ত্তা বিদ্যাপতির নকল করিতেন। ভাবের নকল ত করিবেনই, অনেকে ভাষারও নকল করিতেন। বিদ্যাপতির নকলে বাঙ্গালায় যে ভাষা হয় তাহার নাম ব্রজবুলি। কিন্তু ব্রজ বা মথুরার সঙ্গে সে ভাষার কোন সম্পর্ক নাই। সেটা সেকালের মৈথিলী ভাষার ছায়া মাত্র। ব্রজ বুলিতে গোবিন্দদাস সিদ্ধহস্ত ছিলেন। জ্ঞানদাস রায়শেখর প্রভৃতি পদকর্ত্তারাও ব্রজবুলিতে গান লিখিতেন।

চৈতন্যের বৈষ্ণবধর্ম্মে গোড়া হইতেই দুইটী দল হয়।

একটীর নাম গোস্বমী মত, অপরটীর নাম সহজিয়া। গোস্বামী মতের লোকেরা মুখে বেদ মানিতেন, কিন্তু কখনও পড়িতেন না। যাঁহারা বড় পণ্ডিত হইতেন, তাঁহারা গীতা ও ব্রহ্মসূত্র পড়িতেন। কিন্তু ভাগবতই তাঁহাদের প্রধান পুঁথি। ভাগবতের দশম আর একাদশ তাঁহারা খুব পড়িতেন এবং উহার নানারূপ মধুর ব্যাখ্যা করিয়া আপনাদের মত প্রচার করিতেন। সহজিয়ারা সংস্কৃত পুঁথির দিক দিয়া বড় যাইত না, তাহারা মনে করিত নিজের দেহেতেই সমস্ত বিশ্বব্রহ্মাণ্ড আছে, দেহের সেবাই তাহাদের পরমার্থ। স্ত্রী লোকের প্রেম হইতেই তাহারা বিশ্ব-প্রেমে যাইবার চেষ্টা করিত। গোস্বামী মতের লোকে বিদ্যাপতিকে যেভাবেই দেখুন না কেন, সহজিয়ারা তাঁহাকে সহজিয়া ভাব হইতেই দেখিত। তাহারা তাঁহাকে সাতজন রসিক ভক্তের একজন বলিয়া মনে করিত। প্রধান রসিক ভক্ত বিল্ব-মঙ্গল যেমন চিন্তামণি নামে এক বেশ্যার প্রেমে মুগ্ধ হইয়া পরে কৃষ্ণপ্রেমে মত্ত হইয়াছিলেন। বাঙ্গালী সহজিয়ারাও মনে করিত যে বিদ্যাপতি সেইরূপ শিবসিংহের পত্নী লখিমা দেবীর প্রেমে মত্ত হইয়া, পরে কৃষ্ণ প্রেমে মাতোয়ারা হইয়াছিলেন। তাই তিনি কৃষ্ণ রাধার, প্রেম লইয়া বহুসংখ্যক পদ রচনা করিয়া গিয়াছেন। তাহারা মনে করে বিদ্যাপতির সমস্ত পদই সহজিয়া ভাবের পদ। বিদ্যাপতি কিন্তু সহজিয়া ছিলেন না। তিনি মিথিলা, বাঙ্গালা ও ভারতবর্ষের অন্যান্য দেশের ব্রাহ্মণের ন্যায় স্মার্ত্ত ও পঞ্চোপাসক ছিলেন, অর্থাৎ

স্মৃতির ব্যবস্থা মানিয়া চলিতেন এবং গণেশ, সূর্য্য, শিব, বিষ্ণু ও দুর্গা এই পঞ্চদেবতার উপাসনা করিতেন। তাঁহাদের পূর্ব্বপুরুষেরা অনেকেই শিবের মন্দির দিয়া গিয়াছিলেন; তিনিও নিজের গ্রাম বিসপীতে শিবের মন্দির দিয়াছিলেন। সে মন্দির এখনও নাকি আছে। গঙ্গার প্রতি তাঁহার প্রগাঢ় ভক্তি ছিল, তাঁহার আসন্ন কাল উপস্থিত দেখিয়া তিনি পাল্কী করিয়া গঙ্গার তীরে যাইতেছিলেন। পথে আর সময় নাই, অন্তিম কালে উপস্থিত দেখিয়া তিনি পাল্কী নামাইতে বলিলেন এবং মাটিতে বিছানা করিয়া শুইলেন। এমন সময় দূরে একটা জলস্রোতের শব্দ হইল। দেখা গেল গঙ্গা স্রোতেস্বিনী হইয়া বেগে সেই স্থানে উপস্থিত হইলেন এবং সেই জলেই তাঁহার অন্তর্জ্জলী হইল। তিনি যেমন কৃষ্ণরাধার প্রেমের অনেক পদ লিখিয়া গিয়াছেন, তেমনি শিব ও গঙ্গার বিষয়ে ও অনেক পদ লিখিয়া গিয়াছেন।

স্মৃতিশাস্ত্রে তাঁহার প্রগাঢ় ব্যুৎপত্তি ছিল। তিনি শৈব-সর্ব্বস্ব-সার নামে একখানি স্মৃতির গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। উহাতে স্মৃতির মতে শিব পূজার যত বিধান আছে সব দেওয়া আছে। তিনি গঙ্গাবাক্যাবলী নামে আর একখানি স্মৃতির গ্রন্থ লিখিয়া গিয়াছেন, উহাতে হরিদ্বার হইতে গঙ্গাসাগর পর্য্যন্ত গঙ্গার কোন্ তীর্থে কোন্ তীর্থকৃত্য করিতে হয় তাহার বিবরণ পাওয়া যায়। সেকালে নানারূপ দান চলিত ছিল। তাহার মধ্যে ষোড়শ দান অতি প্রসিদ্ধ;

তুলাপুরুষদান সর্ব্ব প্রধান। বিদ্যাপতি 'দানবাক্যাবলী' নামে একখানি স্মৃতির গ্রন্থ লিখিয়া এই সকল দানের ইতি-কর্ত্তব্যতা নির্ণয় করিয়া যান। বারমাসের তের পার্ব্বণ সকলেই জানেন। তিনি এই তের পার্ব্বণের এক বই লেখেন তাহার নাম বর্ষক্রিয়া। দায়ভাগেরও তাঁহার এক বই আছে, নাম বিভাগসার।

পুরাণেও তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। তিনি যখন শিব-সিংহের পিতা দেবসিংহের সঙ্গে নৈমিষারণ্যে বাস করিতেছিলেন, সেই সময় কোশল, মিথিলা, কাশী, প্রয়াগ প্রভৃতি দেশের প্রধান প্রধান গ্রাম ও নগর গুলির একটী বিবরণ লিখিয়া যান। উহার নাম ভূ-পরিক্রমা। উহা এখনকার গেজেটিয়ারের মত। কিন্তু পুরাণের সঙ্গে না মিলাইলে ত উহা প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে না। তাই তিনি লিখিয়াছেন যে, বলরাম শাপগ্রস্ত হইলে শাপ হইতে উদ্ধার হইবার জন্য যে সকল তীর্থে গমন করেন, তাহারই বিবরণ লইয়া তিনি লিখিতেছেন।

তিনি যে শুধু পণ্ডিতই ছিলেন, কেবল পুঁথি লইয়াই থকিতেন তাহা নহে। তাঁহার নিজের সময়ের ও তাহার আগেকার অনেক ঘটনা তিনি তাঁহার পুরুষ পরীক্ষায় লিখিয়া গিয়াছেন। পুরুষ পরীক্ষা একরকম গল্পগুচ্ছ বলিলেও হয়। উহা কিন্তু সমস্তটাই কাল্পনিক নহে। অধিকাংশই সত্য ঘটনা অবলম্বনে লিখিত। উহাতে মামুদ গজনীর সময় হইতে আরম্ভ করিয়া বিদ্যাপতির সময় পর্য্যন্ত অনেক সত্য ঘটনা পাওয়া যায়। যাঁহারা পুরুষ,

যাঁহাদের পুরুষের মত সদ্‌গুণ ছিল, তাঁহাদেরই গল্প পুরুষ পরীক্ষায় পাওয়া যায়। মুসলমানেরা এদেশ জয় করিলে, তাঁহারা হিন্দুদের সঙ্গে বিশেষ হিন্দু বীরপুরুষদের সঙ্গে কিরূপ ব্যবহার করিতেন, তাহার অনেক দৃষ্টান্ত ইহাতে পাওয়া যায়। যাঁহারা এই সময়ের ভারতবর্ষের ইতিহাস ভাল করিয়া বুঝিতে চান, পুরুষ পরীক্ষা তাঁহাদের পক্ষে বড়ই দরকার।

বিদ্যাপতির আর একখানি অতি সুন্দর বই লিখনাবলী অর্থাৎ পত্র লিখিবার ধারা। কাহাকে পত্র লিখিতে হইলে কিরূপ পাঠ দেওয়া দরকার, তাহা এই পুস্তকে খুব ভাল করিয়া দেওয়া আছে ও সেই সঙ্গে সঙ্গে সেকালের অনেক বাজারাজড়া ও বড় বড় লোকের নামও আছে।

তখন ভারতবর্ষের পূর্ব্বাঞ্চলে দুর্গাপূজাটা খুব চলিয়া আসিতেছিল। আমাদের দেশে সাহাড়িয়া গাঞীয়ের মহামহোপাধ্যায় শূলপাণি দুর্গোৎসববিবেক নামে একখানি গ্রন্থ লেখেন। উড়িষ্যার রাজা পুরুষোত্তম দেব দুর্গাপূজার আর একখানি বই লিখিয়াছিলেন। কিন্তু বিদ্যাপতির দুর্গাভক্তিতরঙ্গিণী প্রমাণে ও প্রয়োগে এই দুই পুস্তকের অপেক্ষা কোন অংশেই ন্যূন নহে। এই সকল স্মৃতির গ্রন্থ লিখিতে বিদ্যাপতিকে সমস্ত বেদ, পুরাণ, স্মৃতি পড়িতে হইয়াছিল। কেন না, তিনি যাহা কিছু বলিয়াছেন, সকলেরই প্রমাণ দিয়াছেন, প্রমাণ না দিলে তাঁহার কথা শুনিবে কে? শুধু যে পুঁথি পড়িয়াই তিনি বই লিখিয়াছিলেন এমননহে,

তাঁহাকে অনেক দেশ ভ্রমণ করিতে হইয়াছিল। সকলেই জানে যে প্রয়াগে গঙ্গা যমুনা সরস্বতী মিলিত হইয়া যুক্ত-বেণী হইয়াছিলেন। কিন্তু সপ্তগ্রামে গিয়া আবার তিনটী নদী যে মুক্তবেণী হইলেন, সে কথাও বিদ্যাপতিই বলিয়া যান। প্রথম মুসলমান আক্রমণের প্রবল স্রোতে হিন্দুদিগের ধর্ম্মকর্ম্ম এক প্রকার লোপ পাইয়া আসে। মৈথিল পণ্ডিতেরা নানা গ্রন্থ রচনা করিয়া আবার হিন্দু সমাজকে পুনর্গঠিত করিবার চেষ্টা করেন। বিদ্যাপতি এই সকল মৈথিল পণ্ডিতদিগের মাধ্য একজন প্রধান। শুনা যায়, তিনি গয়া সম্বন্ধেও এক পুঁথি লিখিয়া গিয়াছেন। যেসময় মুসলমানেরা কুরুক্ষেত্র, বৃন্দাবন, প্রয়াগ, এমন কি, কাশী পর্য্যন্ত লোপ করিয়া তুলিয়াছিল, সেই সময়ে বিদ্যপেতি প্রাদুর্ভূত হইয়া নানা গ্রন্থ লিখিয়া অনেক তীর্থের পুঃন সংস্থাপন ও অনেক হিন্দু সৎকর্ম্মের পুনঃ প্রচলন করেন। তিনি ও তাঁহার সহযোগী মৈথিল পণ্ডিতদিগের নিকট হিন্দুসমাজ এ বিষয়ের জন্য চির-দিন ঋণী থাকিবে। পরবর্ত্তী পণ্ডিতেরা হিন্দুদিগের ক্রিয়াকাণ্ড ও তীর্থ সম্বন্ধে বই লিখিতে গেলেই বিদ্যাপতির দোহাই দিতে হইয়াছে।

বিদ্যাপতি কি নিজের প্রতিভার বলেই এই সকল সংস্কৃত গ্রন্থ লিখিয়া হিন্দু সমাজকে পুনর্গঠিত করিয়াছেন। তাঁহার প্রতিভা যে খুব উজ্জ্বল ছিল, সে বিষয়ে কাহারও সন্দেহ নাই। উহা যে সর্ব্বতোমুখী ছিল সে বিষয়েও সন্দেহ করি-বার কোন কারণ নাই। কিন্তু যে গানে তাঁহার খ্যাতি,

যে গানে তাঁহার প্রতিপত্তি, যে গানে তিনি জগৎ মুগ্ধ করিয়া রাখিয়াছেন, তিনি যদি তাহার একটী গানও না লিখিতেন, কেবল পণ্ডিতের মত স্মৃতি, পুরাণ, তীর্থ ও গেজেটিয়ার প্রভৃতি সংস্কৃত গ্রন্থ লিখিয়াই ক্ষান্ত থাকিতেন, তাহা হইলেও বলিতে হইত, তাঁহার প্রতিভা উজ্জ্বল ও সর্ব্বতোমুখী। তবে এই সকল সংস্কৃত পুস্তক লিখিবার তাঁহার আর এক উদ্দেশ্য ছিল। তিনি যে বংশে জন্মিয়াছিলেন, যে সময়ে জন্মিয়াছিলেন, যে সমাজে জন্মিয়াছিলেন, তাহাতে তিনি শুধু গান লিখিয়া কখনই ক্ষান্ত থাকিতে পারিতেন না। বংশোচিত, সময়োচিত এবং সমাজোচিত কার্য্য তাঁহাকে করিতেই হইত।

তাঁহার বংশ সম্বন্ধে শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় বলিয়াছেন,—"বিদ্যাপতির বংশ পণ্ডিতের বংশ। তাঁহার পূর্ব্বপুরুষেরা অসাধারণ পণ্ডিত; কার্য্যক্ষম ও বুদ্ধিমান ছিলেন। এবং কেহ কেহ প্রধান প্রধান রাজকার্য্যে নিযুক্ত ছিলেন। বিদ্যাপতির অতি বৃদ্ধ প্রপিতামহ কর্ম্মাদিত্য ঠাকুরের নাম পঞ্জিতে এইরূপ পাওয়া যায়—গড়বিসপী নিবাসী কর্ম্মাদিত্য ত্রিপাঠী, মিথিলায় তিলকেশ্বর নামক শিবমঠে কীর্ত্তিশিলায় কর্ম্মাদিত্য মন্ত্রীর নাম উৎকীর্ণ আছে। কাল, অব্দে নেত্রশশাঙ্ক পক্ষ গদিতে শ্রীলক্ষণক্ষ্মাপতেঃ অর্থাৎ ২১৩ ল সং। কর্ম্মাদিত্যের পুত্র সান্ধিবিগ্রহিক অর্থাৎ সন্ধিবিগ্রহ করিবার ক্ষমতাপ্রাপ্ত মন্ত্রী দেবাদিত্য; বিদ্যাপতির পিতামহের সম্বন্ধে

ভ্রাতা জ্যোতিরীশ্বর কবিশেখরাচার্য্য ; ইনি সংস্কৃত ভাষায় পঞ্চসায়ক লিখিয়াছেন ও ধূর্ত্তসমাগম-প্রহসন লিখিয়াছেন এবং মিথিলার ভাষায় বর্ণনরত্নাকর নামে প্রথম গদ্যগ্রন্থ লিখিয়াছেন। প্রপিতামহের ভ্রাতা দশকর্ম্ম-পদ্ধতি কর্ত্তা মহা-মহত্তক বীরেশ্বর ঠাকুর রাজমন্ত্রী ছিলেন। বীরেশ্বরের পুত্র সুপ্রসিদ্ধ মহামহত্তক সান্ধিবিগ্রহিক চণ্ডেশ্বর। ইনি সপ্ত রত্নাকর, কৃত্যচিন্তামণি প্রভৃতি গ্রন্থ রচনা করেন। ইহার সম্বন্ধে মিথিলায় শ্লোক আছে।

শ্রীকৃত্যদানব্যবহারশুদ্ধি-
পূজাবিবাদেষু তথা গৃহস্থে।
রত্নাকরা রত্নভুজে নিবদ্ধাঃ
কৃতাস্তুলাপুরুষদানসপ্ত ॥

চণ্ডেশ্বর তুলাপুরুষ দান করিয়া সংসারাশ্রম ত্যাগ করেন, এরূপ প্রবাদ আছে। রত্নাকর সপ্ত—কৃত্য, দান, ব্যবহার, শুদ্ধি, পূজা, বিবাদ, গৃহস্থ ; তন্মধ্যে বিবাদরত্নাকর আমাদের দেশের প্রামাণিক গ্রন্থ, এবং ইংরাজীতে তর্জ্জমা হইয়াছে।

বীরেশ্বরের আর এক ভ্রাতুষ্পুত্র রামদত্ত উপাধ্যায় কর্ম্ম-পদ্ধতি-কর্ত্তা। দুইজনের গ্রন্থ একত্র মিথিলায় মুদ্রিত হইয়াছে।

বিদ্যাপতির পিতা গণপতি ঠাকুর দুর্গাভক্তি-তরঙ্গিণী-নামক গ্রন্থ রচনা করেন। ঐ পুস্তকে শিবসিংহের পিতার অগ্রজ রাজশ্রী গণেশ্বরের নাম আছে। গণপতি ঠাকুর গণেশ্বরের সভাপণ্ডিত ছিলেন।

যে বংশে সরস্বতীর নিত্য অর্চ্চনা হইত, পুরুষানুক্রমে বীণাপাণি বাগ্দেবীর সাধনা হইত, সেই বংশে সরস্বতীর এই বরপুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন।”

মিথিলায় তখন ব্রাহ্মণ রাজা। ইঁহারা এককালে ক্ষত্রিয় রাজাদিগের গুরু ছিলেন। পরে ইহাঁরাই রাজা হইয়াছিলেন। বিদ্যাপতির পূর্ব্বপুরুষেরা ক্ষত্রিয় রাজাদিগের দক্ষিণ-হস্ত স্বরূপ ছিলেন। ব্রাহ্মণ বংশেরও তাঁহারা দক্ষিণ হস্তই ছিলেন। বিদ্যাপতি নিজেও অনেক রাজার অধীনে কাজ করিয়াছিলেন। প্রথম কীর্ত্তিসিংহ, তারপর দেবসিংহ, তারপর শিবসিংহ, তারপর পদ্মসিংহ, তারপর হরসিংহ, তারপর নরসিংহ দেব, তারপর ধীরসিংহ। বিদ্যাপতি ইহাদের সকলেরই রাজসভাসদ্ ও পণ্ডিত ছিলেন।

কীর্ত্তিসিংহের রাজত্বের ঠিক পূর্ব্বেই মুসলমানেরা তিরহুত দখল করিয়া লয় এবং তিরহুতে অরাজকতা উপস্থিত হয়। হিন্দুসমাজ লণ্ডভণ্ড হইয়া যায়। কীর্ত্তিসিংহ পিতৃরাজ্য উদ্ধার করেন এবং আবার হিন্দু সমাজের পুনর্গঠন করিতে আরম্ভ করেন। কিন্তু তিনি অধিকদিন রাজত্ব করিতে পারেন নাই। তাঁহার উত্তরাধিকারীরাও স্বল্পভোগী ছিলেন। সমাজ গঠনের ভারটা দীর্ঘজীবী বিদ্যাপতির উপরই পড়িয়াছিল এবং বিদ্যাপতি সে বিষয়ে কিরূপ দক্ষতা দেখাইয়াছিলেন, তাঁহার সংস্কৃত বইগুলি হইতেই তাহার প্রমাণ পাওয়া যায়।

কিন্তু বিদ্যাপতি কত দীর্ঘজীবী ছিলেন ? নগেনবাবু তাঁহার বিদ্যাপতির পদাবলীর ভূমিকায় লিখিয়াছেন, শিবসিংহ যখন ১৩২৪ শকে অর্থাৎ ইংরেজী ১৪০২ সালে রাজ্যলাভ করেন তখন তাঁহার বয়স ৫০ বৎসর ছিল। বিদ্যাপতি তাহার সমবয়সী ছিলেন। তাহা হইলে ইংরেজী ১৩৫২ সালে অথবা তাহারই কাছেপিঠে বিদ্যাপতির জন্ম হয়। কিন্তু বিদ্যাপতি যে শিবসিংহের সমবয়সা ছিলেন, নগেনবাবু তাহার কোন প্রমাণ দেন নাই। তাঁহার বইয়ের যত টীকাটিপ্পনী আছে, সব পড়িয়া আমার বোধ হইল বিদ্যাপতি অন্ততঃ একশতউনআশি বৎসর বাঁচিয়াছিলেন। কারণ, নগেনবাবু বলিয়াছেন যে, বিদ্যাপতি শ্রোত্রীয় বংশের দ্বিতীয় রাজা ভোগীশ্বরের ভণিতা দিয়া একটী গান লিখিয়াছেন। ভোগীশ্বর ফিরোজসাহের "প্রিয়সখা" ছিলেন। ফিরোজসা ইং ১৩৫১—১৩৮৮ রাজত্ব করেন। এই দীর্ঘরাজত্বের প্রথম অবস্থাতেই ফিরোজসাহ ভোগীশ্বরকে প্রিয়সখা বলিতে পারেন। কারণ, কীর্ত্তিলতায় আমরা দেখিতে পাই লসং ২৫২ বৎসরে ভোগীশ্বরের পুত্র গণেশ্বর রাজা হইয়াছেন এবং অস্‌লান নামক একজন তুর্ককে বুদ্ধিবিক্রমে হারাইয়া দিয়াছেন। লসং ২৫২ ইংরেজী ১৩৬৭—৬৮ হইবে। ইহার পূর্ব্বেই তাহা হইলে ভোগীশ্বরের সহিত ফিরোজসাহের বন্ধুত্ব হয়। ভোগীশ্বরের নামে বিদ্যাপতির যে গান আছে, সেটী ১৩৬৮র পূর্ব্বে অর্থাৎ অন্ততঃ ১৩৬৭ সালে লেখা হইয়াছিল। নগেন বাবু আরও বলেন বাঙ্গালার স্বাধীন

সুলতান নসরৎ সাহের ভণিতা দিয়া বিদ্যাপতি একটী গান লিখিয়াছেন। নসরৎ সাহ মোটামুটি ধরিতে গেলে ১৫২১ হইতে ১৫৩০ পর্য্যন্ত রাজত্ব করেন। যদি মনে করা যায়, নসরৎ সাহ রাজা হইবার পরেই ঐ গান লেখা হয়, তাহা হইলেও মনে করিতে হইবে, যে, বিদ্যাপতির সব চেয়ে পুরাণ গানটী ১৩৬৭ এবং সব চেয়ে নূতন গানটী ১৫২১ সালে লেখা হয়। এই দুই গানের অন্তর ১৫৪ বৎসর। প্রথম গানটী যখন লেখেন তখন তাঁহার গান লেখার বয়স ;—অন্ততঃ ২০ বৎসর। আর ১৫২১ সালে গান লিখিয়াইত তিনি মরেন নাই। তাহার পরও তিনি দু পাঁচ বৎসর বাঁচিয়া ছিলেন। ১৫৪য় আর ২৫ বৎসর যোগ করিলে ১৭৯ হয়। এত বৎসর কি মানুষ বাঁচিতে পারে? সম্ভব ত' নয়। তাহা হইলে নগেন্দ্র বাবুর হিসাবে কিছু ভুল আছে। নসরৎ সাহের নামের গানে বিদ্যাপতির নাম নাই, আছে কবিশেখর। গানটী মৈথিল ত নয়ই, বাঙ্গালায় মৈথিলীর নকল হইবারই সম্ভাবনা। নসরৎ সাহের সময় বাঙ্গালায় রায় শেখর নামে একজন বড় পদকর্ত্তা ছিলেন। এ গানটী তাঁহার হইবারও সম্ভাবনা। গানের ভণিতায় কবিশেখর নাম আছে। নগেন্দ্রবাবু আরও বলেন, যে, বাঙ্গালার সুলতান হুসেন সাহের নামে বিদ্যাপতির গান আছে। হুসেন সাহ ১৪৯৪ হইতে ১৫২১ পর্য্যন্ত রাজত্ব করেন। ১৪৯৪ সালে গান লিখিলেও তখন বিদ্যাপতির বয়স ২০+১২৭ ; এটাও সম্ভবপর নয়। এ হুসেন সা যে বাঙ্গালার হুসেন সা, নগেনবাবু তার কোন

প্রমাণই দেন নাই। জোয়ানপুরে একজন সুলতান হুসেন সাহ ছিলেন। তিনি ১৪৫৬ সালে রাজা হন। এ গান তাঁহার নামে হওয়াই সম্ভব। কারণ জোয়ানপুরের সঙ্গেই তিরহুতের বেশী সম্পর্ক ছিল, বাঙ্গালার সঙ্গে নয়। তখন বিদ্যাপতির বয়স হইবে ২০+৩৩+৫৬=১০৯। ইহাও যে সম্ভবপর তাহা নহে; তবে অনেক ব্রাহ্মণ ১২০ বৎসর বাঁচিতে শুনা যায়; এবং তখনও তাঁহারা সতেজ ও সবল ছিলেন শোনা যায়। রায় বাহাদুর শ্যামনারায়ণ সিংহ ইংরেজীতে যে তিরহুতের ইতিহাস লিখিয়াছেন তাহাতে লেখা আছে বিদ্যাপতির শেষ সংস্কৃত গ্রন্থ গঙ্গাভক্তিতরঙ্গিণী তিরহুতের রাজা ধীরসিংহের সময় লেখা হয়। সেটা ১৫ শতকের মাঝা মাঝি অর্থাৎ প্রায় ১৪৫০। কিন্তু ধীরসিংহ কোন সালে রাজত্ব আরম্ভ করেন এবং কোন সালে তাঁহার রাজত্ব শেষ হয়, তাহার কোন প্রমাণ শ্যামনারায়ণ বাবু দিতে পারেন নাই। তাঁহার হিসাব সত্য হইলেও বিদ্যাপতি প্রায় ১০০ শত বৎসর বয়সে ঐ পুস্তক লেখেন, মানিয়া লইতে হইবে। উপস্থিত যাহা কিছু প্রমাণ পাওয়া গেল, তাহাতে বোধ হয় বিদ্যাপতি ১০০ বৎসর বাঁচিয়া ছিলেন এবং শেষ বয়সেও মৈথিল ভাষায় গান ও সংস্কৃত ভাষায় পুঁথি লিখিয়াছিলেন।

সহজিয়ারা যে বলিয়া থাকে, বিদ্যাপতি রসিক,ভক্ত ছিলেন; লখিমা দেবী তাঁহার প্রেমপাত্রী; একথাটা একেবারেই বিশ্বাস-যোগ্য নহে। কারণ বিদ্যাপতি শুধু লখিমা দেবী ও শিবসিংহেরই

কর্ম্মচারী বলিয়া যে কেবল তাঁহাদেরই নামে ভণিতা দিয়াছেন এমন নহে; তিনি হুসেন সাহের, নসরত সাহের ও আলম সাহের নামেও ভণিতা দিয়াছেন। সুতরাং ভণিতায় রাণীদের নাম দেখিয়া বিদ্যাপতিকে সহজিয়া ঠাহরান যুক্তিযুক্ত নয়। একথা নগেন্দ্রবাবুও বলিয়াছেন। বিদ্যাপতির বংশধরেরা এখনও বর্ত্তমান আছেন। তাঁহার পুত্র পৌত্রেরা বেশ পণ্ডিত ছিলেন, তাঁহার পুত্রবধূও গান লিখিয়াছেন, শোনা যায়।

বিদ্যাপতিকে আমরা প্রধানতঃ তিন মূর্ত্তিতে দেখিতে পাই। এক মূর্ত্তিতে তিনি পণ্ডিত, সংস্কৃত সাহিত্যে খুব ব্যুৎপন্ন, তিরহুতের রাজাদের একজন প্রধান সভাসদ, এবং হিন্দু সমাজের পুনর্গঠনে কৃতসংকল্প। আর এক মূর্ত্তিতে দেখি তিনি কবি, কবির চক্ষে জগৎ দেখিতেছেন, আদি রসের পদ লিখিতেছেন এবং সময়ে সময়ে ভক্তির উচ্ছ্বাসে গদগদ হইতেছেন। তাঁহার আরও একমূর্ত্তি আছে তিনি ইতিহাস লিখিতেছেন—কীর্ত্তিসিংহ কেমন করিয়া পিতৃবৈরী নাশ করিয়া রাজ্য উদ্ধার করিলেন, শিবসিংহ কেমন করিয়া স্বাধীন হইলেন, দেবসিংহের মৃত্যুর পর কেমন করিয়া সকল বাধাবিঘ্ন অতিক্রম করিয়া শিবসিংহ রাজ্য লাভ করিলেন; এই সকল কথা তিনি তাঁর তৃতীয় মূর্ত্তিতে প্রচার করিয়া গিয়াছেন। তাঁহার ইতিহাসের গানগুলি তাঁহার কীর্ত্তিপতাকা ও কীর্ত্তিলতা তাঁহাকে ভারতবর্ষের একজন প্রধান ইতিহাস লেখক করিয়া তুলিয়াছে। ভারতের যে ইতিহাস একেবারে

পাওয়া যায় না, অর্থাৎ হিন্দু সমাজের ইতিহাস—হিন্দুদিগের দিক্ হইতে ইতিহাস, তাহা তিনিই লিখিয়াছেন। এতদিন লোকের বিশ্বাস ছিল, মুসলমানেরাই কেবল আমাদের ইতিহাস লিখিয়াছেন এবং মুসলমানেরা যাহা লিখিয়াছেন তাহাই ধ্রুব-সত্য; শ্রীযুক্ত বাবু যদুনাথ সরকারের মত শুদ্ধ মুসলমান লেখকের উপর বিশ্বাস করিলে চলিবে না। এখন আমরা দেখিতে পাইতেছি, যে হিন্দুরাও ইতিহাস লিখিত, সত্য ঘটনা লইয়া তাহার বিবরণ লিখিত। এখন যদি কেহ যথার্থ ইতিহাস লিখিতে বসেন, তাঁহার দুই দিক্‌ই দেখিতে হইবে, মুসলমানেরা কি বলে তাহাও দেখিতে হইবে আর হিন্দুরা কি বলে তাহাও দেখিতে হইবে। কাহাকেও ধ্রুব সত্য বলিয়া বিশ্বাস করিলে চলিবে না। কারণ, যে লেখে আপনার জাতের দিকে টানিয়াই লেখে। যিনি যথার্থ ঐতিহাসিক, তাঁহার কোন দিকেই টান থাকিবে না; তিনি বিচারকের আসনে বসিয়া দুই দিক দেখিয়া বিচার করিবেন। একটা জিনিস কিন্তু বড়ই আশ্চর্য্য। বিদ্যাপতি সংস্কৃতে যে বই লিখিয়াছেন তাহাতে স্মৃতি অর্থাৎ হিঁদুয়ানী ত' আছেই তার উপর শিব আছেন, দুর্গা আছেন, গঙ্গা আছেন, কৃষ্ণ একেবারেই নাই। আবার মৈথিল ভাষায় যে গান লিখিয়াছেন, তাহাতে শিবও আছেন, সেই সঙ্গে দুর্গাও আছেন, গঙ্গাও আছেন, বেশীর ভাগ কৃষ্ণরাধা আছেন। ইহার অর্থ কি? যখন পণ্ডিত হইয়া লিখিতেছেন, তখন

কৃষ্ণের নামও করেন নাই। কিন্তু যখন মৈথিলী লিখিতেছেন তখন রাধা ও মাধবে ভরপুর। আবার তিনি স্বহস্তে ভাগবতও নকল করিয়াছেন। ইহার অর্থ ঠিক বোঝা যায় না।

একটী অর্থ আমার মনে লাগিতেছে, অন্যের মনে লাগিবে কিনা জানি না, বিদ্যাপতি যেখানে আদিরসের গান লিখিতেছেন সেইখানেই রাধা ও কৃষ্ণের নাম বেশী। আদিরসের গান লিখিতে গেলেই যেন রাধাকৃষ্ণ আপনিই আসিয়া পড়িয়াছে। এখনও আমাদের দেশে দেখা যায়, আদিরসের গানলিখিতে গেলেই লোকে রাধাকৃষ্ণেরই নাম করে। একদিন দেখিয়াছিলাম, জনদশেক কয়েদী লইয়া দুইজন কন্‌ষ্টেব্‌ল্‌ নির্জ্জন রাস্তা দিয়া জেলের দিকে যাইতেছে। পথটা দীর্ঘ; সমস্তদিন খাটার পর সকলেই একটু স্ফূর্ত্তি চায়। আমিও সেই পথ দিয়া যাইতেছিলাম, কিন্তু সকলের পিছনে। একজন কন্‌ষ্টেব্‌ল্‌ একজন কয়েদীকে ডাকিয়া বলিল, ওরে এই সময় তুই একটা গান গা'। সেখানে বাদ্যও নাই, ভাণ্ডও নাই, বাদ্যের মধ্যে তুড়ী। কয়েদী গান ধরিল। আর কয়েদীরাও সেই সঙ্গে গান ধরিল, তাহাদেরও বাজনা তুড়ি। গানটা আমার বেশ মনে আছে, সেটা এই :—

আজ্‌কে যদি থাক্‌ত আমার শ্যাম,
ধান আন্‌তে গিয়ে যখন পড়ত মাথার ঘাম,
আঁচল দিয়ে মুছিয়ে দিত কর্‌ত কত কাম।

এখানে শ্যাম নাম শুনিয়া আমার বেশ বোধ হইল, আমাদের দেশের কবিরা আদিরসের গান লিখিতে গেলেই রাধাকৃষ্ণের দোহাই দিতেন। নিজের মনের ভাব ছল করিয়া রাধাকৃষ্ণের ঘাড়ে চাপাইয়া দিতেন। পাঁচালীওয়ালারাও এই কাজ করিতেন, কবিওয়ালারাও করিতেন, ঝুমুরওয়ালারাও করিতেন, তরজাওয়ালারাও অনেক সময় করিতেন। বিদ্যাপতিও যেন তাই করিয়া গিয়াছেন। নগেন্দ্রবাবু একটু অন্যায় করিয়াছেন; তিনি যদি বিদ্যাপতির গানের সংগ্রহগুলি যেমন পাইয়াছিলেন, তেমনই ছাপাইতেন, তাহা হইলে বোধ হয় অনেকটা ভাল হইত। তাহা না করিয়া তিনি সব আদিরসের কবিতা কীর্ত্তনের ছাঁচে ঢালিয়া ছাপাইয়াছেন। তাহাতে বিদ্যাপতি যে কীর্ত্তনের গান লিখিতেছেন এই কথাই প্রথম মনে হয়। কিন্তু এই যে কীর্ত্তনের ছাঁচ, এত' বিদ্যাপতির সময় হয় নাই। উজ্জ্বলনীলমণি, ভক্তিরসামৃতসিন্ধু প্রভৃতি রসশাস্ত্রের বই খুব প্রচলিত হইয়া গেলেই বৈষ্ণব-সমাজে ইদানীন্তন কীর্ত্তনের সৃষ্টি হয়। বিদ্যাপতির সময় সেটা ছিল কি? বিদ্যাপতির অন্ততঃ দুইশত বৎসর পরে রসশাস্ত্রের বহুলপ্রচার হয়। সুতরাং তিনি কীর্ত্তনেরই গান লিখিয়াছেন এবং রস-শাস্ত্রের ছাঁচে তাহা ঢালিয়াছেন একথা আমরা বিশ্বাস করিতে পারি না। তিনি ছিলেন রাজকবি, রাজ-পারিষদ। রাজারা বা রাজ-সভাসদেরা যেমন ফরমাইস করিতেন, তিনি তেমনই গান লিখিতেন, এবং তাহাদের মনোরঞ্জন করিবার জন্য

তাঁহাদের এবং তাঁহাদের পরিবারের নাম সেই সঙ্গে জুড়িয়া দিতেন। রাজ সভায় খুব একটা আমোদ হইত। অনেক সময়ই তাঁহাকে ফরমাস কর্ত্তাকে শ্যাম সাজাইতে হইত এবং তাঁহার সোহাগিনীকে রাধা সাজাইতে হইত। তাই করিয়াই বিদ্যাপতির এত আদি রসের গান সৃষ্টি হইয়াছে। তিনি কীর্ত্তন লিখিতেও বসেন নাই, রাধা কৃষ্ণের প্রেম লইয়া বই লিখিতেও বসেন নাই। গানগুলি ভিন্ন ভিন্ন সময়ে, ভিন্ন ভিন্ন স্থানে, ভিন্ন ভিন্ন লোকের ফরমাইস মত লেখা হইয়াছিল। ইদানীন্তন বৈষ্ণবেরা যে রসে যেটী খাটে কীর্ত্তনে সেইটীকে সেইখানে বসাইয়া দিয়াছেন এবং বিদ্যাপতিকে বৈষ্ণব কবি সাজাইয়া তুলিয়াছেন। এমন কি সহজিয়াও করিয়া তুলিয়াছেন।

আমরা বেশ করিয়া পিঁজিয়া পিঁজিয়া দেখিয়াছি যে বিদ্যাপতির অনেক গানে রাধাকৃষ্ণের নামও নাই গন্ধও নাই; অথচ নগেন্দ্রবাবু সেগুলিকেও কীর্ত্তনের ছাঁচে ঢালা রসপ্রবাহের মধ্যে বসাইয়া দিয়াছেন। একটি গান ত সকলেরই জানা আছে, "কামিনি করএ সনানে"। ইহাতে রাধাকৃষ্ণের নামও নাই, গন্ধও নাই। একজন সুন্দরী স্নান করিয়া উঠিতেছিলেন। কেহ ফরমাস করিল, তুমি এই রমণীর রূপ বর্ণনা কর। বিদ্যাপতি অমনি ধরিলেন,—

কামিনি করএ সনানে।
হেরিতহি হৃদঅ হনএ পচবানে ॥২॥
চিকুর গরএ জলধারা।

জানি মুখশশি ডরে রোঅএ অন্ধারা ॥৪॥
কুচজুগ চারু চকেবা।
নিঅকুল মিলত আনি কোনে দেবা ॥৬॥
তেঁ সঞে ভুজ পাসে
বাঁধি ধএল উড়ি জাএত অকাসে ॥৮॥
তিতল বসন তনু লাগূ।
মুনিহুক মানস মনমথ জাগূ ॥১০॥
ভণই বিদ্যাপতি গাবে।
গুণমতি ধনি পুনমত জনি পাবে ॥১২॥

কামিনী স্নান করিতেছেন। দেখিলেই মদন হৃদয়ে পাঁচটী বাণ হানে। চিকুর হইতে জলধারা পড়িতেছে যেন চাঁদ-মুখের ভয়ে অন্ধার কাঁদিতেছে। কুচযুগল যেন চকা আর চকী। যেন কেহ দুটিকে আনিয়া নদীর একপারে মিলাইয়া দিয়াছে। পাছে তারা আকাশে উড়িয়া যায়, এই ভয়ে ওদুটিকে ভুজপাশে বন্ধন করিয়া রাখিয়াছে। ভিজা কাপড় খানি পায়ে লাগিয়া আছে, দেখিলে মুনির মনেও মন্মথ জাগিয়া উঠে। বিদ্যাপতি গান করিয়া বলিতেছেন, কোন পুণ্যবান না জানি এই গুণমতী রমণীকে পাইবে।

এই গানটীতে রাধাকৃষ্ণের নাম নাই। মিথিলায় প্রবাদ আছে, এই গানটী কোন বাদসাহের ফরমায়েসী। তথাপি নগেন্দ্রবাবু ইহাকে বয়ঃসন্ধি শিরোনামায় ফেলিয়া "মাধবের উক্তি" বলিয়া লিখিয়াছেন এবং বলিয়াছেন "মিথিলায় এই

পদ রাধাকৃষ্ণ সম্বন্ধীয় বলিয়া বর্ণিত হয়না, কিন্তু তাহাতে দোষের কিছুই নাই।" কেন নাই বুঝিতে পারিলামনা। এটীত' বয়ঃসন্ধির গান নয়, মাধবের উক্তিও নয়। সুন্দরী রমণীকে স্নান করিয়া উঠিতে দেখিয়া একজন সংস্কৃত অলঙ্কার শাস্ত্রে ব্যুৎপন্ন কবি গানটী বাঁধিয়াছেন। ইহাতে রাধাকৃষ্ণ ভাবের কিছুই নাই।

এটীতে ত' রাধাকৃষ্ণের নাম নাই, প্রবাদ আছে এটী ফরমায়েসী, তথাপি ইহাকে কীর্ত্তনের গান করা হইয়াছে। ইহার পরের গানটী দেখুনঃ—

আজু মঝু শুভদিন ভেলা।
কামিনি পেখল সনানক বেলা ॥
চিকুর গলয় জলধারা।
মেহ বরিস জনি মোতিমহারা ॥
বদন পোছল পর ছুরে।
মাজি ধয়ল জনি কনক মুকূরে ॥
তেঁই উদসল কুচজোরা।
পলটি বৈসাওল কনক কটোরা ॥
নীবিবন্ধ করল উদেস।
বিদ্যাপতি কহ মনোরথ শেস ॥

এ গানটীকেও বয়ঃসন্ধি শিরোনামায় ফেলিয়া মাধবের উক্তিতে দেওয়া হইয়াছে। কিন্তু ইহা নাহিঁয়া ওঠা একটী সুন্দরী রমণীর বর্ণনা মাত্র।

জাইত পেখল নহাইলি গোরী।
কতি সঞে রূপ ধনি আনলি চোরী॥
কেশ নিঙ্গারইত বহ জলধারা।
চামরে গলয় জনি মোতিমহারা॥
অলকহি তীতল তহিঁ অতি শোভা।
অলিকুল কমলে বেঢ়ল মধুলোভা॥
নীরে নিরঞ্জন লোচন রাতা।
সিন্দুরে মণ্ডিত জনি পঙ্কজ পাতা॥
সজল চীর রহ পয়োধির সীমা।
কনকবেল জনি পাড় গেল হীমা॥
ও নুকি করতহি চাহে কিয় দেহা।
অবহি ছোড়ব মোহি তেজব নেহা॥
ঐসন রস নহি পাওব আরা।
ইথে লাগি রোই গলয় জলধারা॥
বিদ্যাপতি কহ শুনহ মুরারী।
বসন লাগব ভাব রূপ নিহারি॥

এ কবিতাটীতে 'মুরারি' শব্দটী আছে বিদ্যাপতি মুরারিকে বলিতেছেন, স্নানের পর রমণীর রূপ দেখিয়া কাপড়ের ভাব লাগিয়াছে। এই মুরারি শব্দ থাকাতেই যদি এ পদটি রাধা-কৃষ্ণের প্রেম লইয়া হইয়া থাকে, হউক, আমি আপত্তি করিব না।

ইহার পরের গানটী যে কৃষ্ণরাধিকার প্রেম লইয়া লেখা, সে বিষয়ে সন্দেহ নাই। গানটী তুলিয়া দিলাম।

নহাই উঠল তীরে রাই কমলমুখি
সমুখে হেরল বর কান।
গুরুজন সঙ্গে লাজে ধনি নত মুখি
কৈসনে হেরব বয়ান ॥
সখি হে অপরুব চাতুরি গোরি।
সবজন তেজি অগুসরি সঞ্চার
আড় বদন তঁহি ফেরি ॥
তাঁই পুন মোতি হার টুটি ফেকল
কহইত হার টুটি গেল!
সবজন এক এক চুনি সঞ্চরু
শাম দরশ ধনি লেল ॥
নয়ন চকোর কানুক মুখ শশিবর।
কয়ল অমিয় রস পান।
দুহু দুহু দরশনে রজহু পসারল
কবি বিদ্যাপতি ভান ॥

আরও একটী গানে রাধিকা স্নান হইতে উঠিতেছেন ও কৃষ্ণ তাঁহাকে দেখিতেছেন,—

নাহি উঠল তীরে সে ধনি রাহি।
মঝু মুখ সুন্দরি অবনত চাহি ॥
এসখি পেখল অপরুব গোরি।
বলকরি চিত চোরায়ল মোরি ॥
একলি চললি ধনি হোই অগুয়ান।

উমণি কহই সখি করহ পয়ান ॥
কিয়ে ধনি রাগি বিরাগিনি হোয় ।
আশনিরাশ দগধ তনু মোর ॥
কৈসে মিলব হমে সে ধনি অবলা ।
চিত নয়ন মঝু ছহুতাহে রহলা ॥
বিদ্যাপতি কহ শুনহ মুরারি ।
ধৈরজ ধএ রহ মিলব বরনারি ॥

এই পাঁচটি গানেই বিদ্যাপতি নাহিয়া উঠার পরে কোন সুন্দরী রমণীর রূপবর্ণনা করিয়াছেন। প্রথম দুইটীতে রাধাকৃষ্ণের নাম একেবারেই নাই। তৃতীয়টীতে মুরারির নাম থাকিলেও উহা কৃষ্ণের প্রেমের কথা নয় বলিয়াই মনে হয়। বাকী দুইটীতে রাধিকা নাহিয়া উঠিতেছেন, সম্মুখে কৃষ্ণ, রাধা ও কৃষ্ণ পরস্পরকে দেখিতেছেন। এদুটীতে কিন্তু রূপ বর্ণনার চেষ্টা নাই। আছে কেবল নায়ক নায়িকার চাতুরী ও তাহাদের মনের ভাব। এই পাঁচটীকেই রাধা-কৃষ্ণ বিষয়ক কীর্ত্তনের পদ বলিলে একটু জোর করিয়া বলা হইবে না কি? আদিরসের নায়ক নায়িকাকে রাধাকৃষ্ণ সাজাইয়া বর্ণনা করা আমাদের দেশে অনেক দিন হইতে চলিয়া আসিতেছে। কি বড়লোক, কি ছোটলোক সকলেই এইভাবে নায়ক নায়িকার বর্ণনা করিয়া থাকে। যদি কেহ বলে এপাঁচটী পদই শুধু আদিরসের পদ, যে দুটীতে কৃষ্ণরাধা আছে সে নায়ক নায়িকা মাত্র, তাহা হইলে তাহাকে বলিবার

কিছুই নাই। কিন্তু আমরা ততদূর যাইব না। প্রথম তিনটীকে আদিরসের পদই বলিব, বাকী দুটীকে রাধাকৃষ্ণবিষয়ক পদ বলিব।

এই পাঁচটীর কোনটীতেই কোন রাজা ও রাণীর নাম যোগ করা নাই। সুতরাং এগুলিকে ফরমায়েসী বলিতে পারি না। সবগুলিই বেফরমায়েসী গান, বিদ্যাপতির নিজের কথা। সুতরাং বিদ্যাপতি নিজেও যে সকল পদ লিখিয়াছেন তাহার অনেকই মাত্র আদিরসের, রাধাকৃষ্ণ বা বৈষ্ণবের পদ তত নয়।

নগেন্দ্রবাবু যে ৮৪০টী কীর্ত্তনের পদ দিয়াছেন, তাহার মধ্যে আমরা গণিয়া দেখিয়াছি, ৩৩৭টীতে রাধাকৃষ্ণের নামও নাই, গন্ধও নাই, বাকী ৫০৩ টীতে আছে। তাহার মধ্যেও আবার অনেক গুলিতে কেবল ভণিতার কাছে মুরারি কিম্বা হরি আছে। সবটাই যে রাধাকৃষ্ণের কথা, তাহা মনে হয় না। অনেক সময় মনে হয় আলিপুরের সেই কয়েদীর শ্যাম। সংস্কৃত অলঙ্কারে যত কিছু কবিপ্রৌঢ়োক্তি আছে, যত চলিত উপমা আছে, বিদ্যাপতি ঠাকুর তাঁহার গান গুলিতে সেগুলির প্রচুর ব্যবহার করিয়াছেন। হালা-সপ্তশতী, আর্য্যাসপ্তশতী অমরুশতক, শৃঙ্গার তিলক, শৃঙ্গার-শতক, শৃঙ্গারাষ্টক প্রভৃতি সংস্কৃত এবং প্রাকৃত আদিরসের কবিতাগুচ্ছ হইতে বিদ্যাপতি আপনার গানের যথেষ্ট ভাব সংগ্রহ করিয়াছেন। অনেক সময় পড়িতে পড়িতে সুপরিচিত

সংস্কৃত শ্লোক মনে পড়ে। অনেক সময় বোধ হয়, এই সকল সংস্কৃত কবিতার উপর বিদ্যাপতি রঙ্ চড়াইয়াছেন। তাহাদের ভাব লইয়া বেশী করিয়া ফুটাইয়াছেন। সময় সময় স্ত্রীলোকের রূপ বর্ণনা করিতে গিয়া শরীরের কোন অঙ্গেরই নাম করেন নাই, কিন্তু অঙ্গগুলির উপমান গুলিকে এমন করিয়া সাজাইয়াছেন, যে, যে সংস্কৃত না পড়িয়াছে সে তাহার রসগ্রহ করিতে পারিবে না। পারিলেও অনেক কষ্টে করিতে হইবে। দৃষ্টান্ত দেখঃ—

সাজনি অকথ কহি ন জাত্র।
অবল অরুন সসিক মণ্ডল
ভীতর রহ লুকাএ ॥

কদলি উপর কেশরি দেখল
কেসরি মেরু চঢ়লা।
তাহি উপর নিশাকর দেখল।
কির তা উপর বইসলা ॥

কীর উপর কুরঙ্গিণী দেখল
চকিত ভমএ জনী।
কীর কুরঙ্গিণী উপর দেখল
ভমর উপর ফনী ॥
এক অসম্ভব আওর দেখল
জল বিনা অরবিন্দা।

বেবি সরোরুহ উপর দেখল
জইসন দূতিঅ চন্দা ॥
ভন বিদ্যাপতি অকথ কথা
ই রস কেও কেও জান
রাজা শিবসিংহ রূপনরায়ন
লখিমা দেই রমাণ।

রমণীর পদতল আশ্চর্য্য দেখিলাম। জিনিসটা অনির্ব্বচনীয় তরুণ অরুণ শশিমণ্ডলের মধ্যে লুকাইয়া আছে। পায়ের নখগুলা শশিমণ্ডল, পায়ের লালবর্ণ তাহাতে লুকাইয়া রহিয়াছে। কলাগাছের পর সিংহ চড়িয়াছে, সিংহের উপর মেরু চড়িয়াছে। উরুর সহিত রামরম্ভার তুলনা হয়; ক্ষীণ কটির সঙ্গে সিংহের ক্ষীণ কটির তুলনা হয়, আর স্তন যুগলের সহিত মেরু যুগলের তুলনা হয়। মেরুর উপর চন্দ্র, চন্দ্রের উপর শুকপক্ষী, তাহার উপর চকিত হরিণী, আর তাহার উপর ভ্রমর আর ভ্রমরের উপর ফণী। নিশাকর হইলেন মুখ, শুকপক্ষীর নাসার সহিত স্ত্রীলোকের নাসার তুলনা, নাসার উপর চকিত হরিণীর চোখের ন্যায় চোখ, তাহার উপর ভ্রমর অর্থাৎ কালো ঝাপটা তাহার উপর সর্প অর্থাৎ বিনুনী। আরও এক আশ্চর্য্য দেখিলাম বিনা জলে পদ্ম ফুটিয়াছে, আর পদ্মের উপর দ্বিতীয়ার চন্দ্র। পদ্ম হইলেন পয়োধর, আর দ্বিতীয়ার চন্দ্র হইলেন, নখলেখা। যাঁহারা সংস্কৃত আদিরসের কবিতা পড়িয়াছেন, তাঁহারা সহজেই ইহা বুঝিয়াছেন, আর যাঁহারা পড়েন নাই তাহাদের নিকট ইহা হেঁয়ালীর

মত মনে হয়। তাহার পর তলাইয়া বুঝিলে রস পাওয়া যায়। সে রস প্রথম পাইয়াছিলেন লখিমাদেবীর পতি শিবসিংহ। শুধুই যে সংস্কৃত উপমা বিদ্যাপতির সম্বল, তাহা নহে, তাঁহার নিজের উপমাও আছে; তিনি যুবতীর স্তনের সহিত উল্টান সোনার বাটীর তুলনা করিয়াছেন, এবং সোনার শিবলিঙ্গের সহিত তুলনা করিরাছেন। একজায়গায় বলিয়াছেন, কনক-কঁটোরা যেন উল্টাইয়া বসাইয়াছে। আর এক জায়গায় বলিয়াছেন "কনকমহেশ"।

বিদ্যাপতির নিজস্ব কিন্তু সাজানর তারিফ। তাহাতে এমন একটা নূতনত্ব আছে, পড়িলেই মুগ্ধ হইতে হয়। আমি গান সাজাইবার কথা বলিতেছিনা, সেগুলি নগেন্দ্রবাবুর সাজান, গানের ভাবগুলি সাজান বিদ্যাপতির নিজেরই; সে অতি সুন্দর। বিদ্যাপতি বহির্জগতেই হউক আর অন্তর্জগতেই হউক সুন্দর সুন্দর জিনিস বাছিয়া লইয়া সাজাইবার সময় সেগুলিকে সুন্দরতর সুন্দরতম করিয়া তুলিয়াছেন। এ বিষয়ে বয়ঃসন্ধি হইতে একটী উদাহরণ দিব। এটী বাহিরের সৌন্দর্য্য। কৈশোর যাইতেছে, যৌবন আসিতেছে, সেই সময়টা বিদ্যাপতি বর্ণনা করিতেছেন ঃ—

শৈশব যৌবন দরশন ভেল।
দুহু পথ হেরইতে মনসিজ গেল॥
মদনক ভাব পহিল পরচার।
ভিনজনে দেল ভিন অধিকার॥

কটিক গৌরব পাওল নিতম্ব।
একক খীন অওকে অবলম্ব॥
প্রকট হাস অব গোপত ভেল।
উরজ প্রকট অব তহ্নিক লেল॥
চরণ চপল গতি লোচন পাব।
লোচনক ধৈরজ পদতলে ঘাব॥
নব কবিশেখর কি কহইত পার।
ভিন ভিন রাজ ভিন বেবহার॥

ইহার সবটাই বাহিরের সৌন্দর্য্যের কথা। বাল্য কাল চলিয়া যাইতেছে, যৌবন আসিতেছে, মদন দুজনকেই পথ দেখাইয়া দিতেছে—একজনকে বলিতেছে "যাও"। আর একজনকে বলিতেছে "এস"। এতদিন মাজাটী মোটা ছিল সে ক্ষীণ হইয়া আসিল। নিতম্ব দুটী শুকনা ছিল. সে দুটি মোটা হইল। আগে খুব হো হা করিয়া হাসিত। এখন সেটী মুচ্‌কে হাঁসিতে দাঁড়াইল। আগে স্তনের চিহ্নমাত্র ছিল, এখন সেটী প্রকাশিত হইয়া উঠিল। এতদিন চরণ চঞ্চল ছিল, খুব ছুটোছুটি করিত, এখন সেটি বন্ধ হইয়া গিয়া চঞ্চল গতি চক্ষে উঠিল।

অন্তর্জগতের সৌন্দর্য্য একটা দেখান যাইতেছে ঃ—

সজনী কানুক কহবি বুঝাই
রোপি পেমক বীজ অঙ্কুরে মোড়লি
বাঁচব কোন উপাই॥
তৈলবিন্দু যৈসে পানি পসারিয়ে

ঐসন তুয় অনুরাগে।
সিকতা জল যৈসে ক্ষণহি শুখায়
তৈসন তোহর সোহাগে॥
কুল-কামিনী ছলোঁ কুলটা ভৈ গেলুঁ
তকর বচন লোভাই।
অপন করে হম মুড় মুড়ায়ল
কানুসে প্রেম বঢ়াই॥
চোর রমণি জনি মনে মনে রোঅই
অম্বরে বদন ছপাই।
দীপক লোভে শলভ জনি ধায়ল
সে ফল ভুজইতে চাই॥
ভনই বিদ্যাপতি ইহ কলিযুগরীতি
চিন্তা ন কর কোই।
অপন করমদোষে আপহি ভুঞ্জই
যেজন পরব্বশ হোই॥

সখী কানুকে বুঝাইয়া বলিবে, প্রেমের বীজ রোপণ করিয়া অঙ্কুরে মোচড়াইলে কোন উপায়ে বাঁচিবে। তৈলবিন্দু যেমন জলে পড়িলে চারিদিকে ছড়াইয়া পড়ে তোমার অনুরাগও সেইরূপ। মরুভূমিতে জল পড়িলে যেমন তখনই শুকাইয়া যায়, তোমার সোহাগও সেইরূপ বোঝা গেল। তোমার কথায় ভুলিয়া, ছিলাম কুলকামিনী, হইলাম কুলটা। তোমার প্রতি প্রেম বাড়াইয়া আমি আপনার হাতে আপনি

মাথা মুড়াইলাম। চোরের রমণী যেমন ফুকরাইয়া কাঁদিতে পারে না, কাপড়ে মুখ ঢাকিয়া মনে মনে কাঁদে, আমারও দশা তেমনি হইল। দীপের লোভে পতঙ্গ যেমন ধাবিত হইল অমনি তাহাকে ফল ভোগকরিতে হইল; আমারও সেই দশা হইয়াছে। বিদ্যাপতি বলেন, এই কলিযুগের রীতি, এ বিষয়ে কেহ চিন্তা করিওনা। যে আপনাকে পরের বশ করে সে আপনার কর্ম্মের ফল আপনিই ভোগ করে।

বিদ্যাপতি অনেক জায়গায় ঋতু-বর্ণনা করিয়াছেন। ভাষা অতিমিষ্ট, সুর অতিমিষ্ট। সংস্কৃত ঋতু-বর্ণনার যা কিছু মিষ্ট আছে সব আনিয়া এক করা হইয়াছে। গানগুলি ছোট, একটা পূরা কিছুর বর্ণনা ভাল করিয়া করিতে গেলে যতটুকু জায়গা চাই, গানে ততটুকু জায়গা পাওয়া যায় না। সুতরাং দু'চারিটী অতি মিষ্ট জিনিস একত্র করিয়া গানটী শেষ করিতে হইয়াছে। বেশী কথা বলিবার জায়গা নাই, সুতরাং যাঁহারা সংস্কৃত পড়িয়াছেন তাঁহাদের পক্ষে সুর আর ভাষা ছাড়া নূতন জিনিস কিছুই নাই। কেবল সেই সংস্কৃত কবিতার স্মৃতি জাগাইয়া দিয়াই গান থামিয়া যায়। নগেন্দ্র-বাবু যেরূপে গানগুলি সাজাইয়াছেন তাহাতে সময়ে সময়ে সেগুলি বেশ একটু একঘেয়ে হইয়াছে।

বেশ্যাপল্লীর রাস্তা জুড়িয়া বসিয়া আছে। তাহারা রূপে যৌবনে ও গুণে সকলের অগ্রগামিনী ; কোন না কোন ছলে তাহাদের সম্ভাষণ না করিয়া, কিছু কাহিণী না কহিয়া, কেহই ক্রয় বা বিক্রয় করিতেছে না। আপনার সুখ বিক্রয় করিয়া তাহারা দৃষ্টির দুঃখ লাভ করিতেছে। কামিনীদের সকলেরই পদ্মের মতন চোখ, তরুণীরা ফিরিয়া ফিরিয়া আড় নয়নে চাহিতেছে। উহারা চুরিকরা প্রেমের পিয়ারী, আপনার দোষে সর্ব্বদা শঙ্কান্বিত। অনেক ব্রাহ্মণ, অনেক কায়স্থ, অনেক রাজপুতকুল অনেক জাতি মিলিয়া চপ্পরে (চাতালে) বসিয়া আছে। সকলই সুজন, সকলই ধনবান, আর নগররায় সকলের উপর। এখানে মন্দির ও দেহলীতে ধনীদের দেখিয়া বোধ হয় সকলেই আনন্দ করিতেছে, তাহাদের মুখমণ্ডলে যেন ঘরে ঘরে চন্দ্র উদিত করিতেছে।

এক হাটে লোক কমিতেছে। আর এক হাটে বাড়িয়া যাইতেছে। রাজপুত্রেরা রাজপথের নিকটে বেড়াইতে বেড়াইতে দেখিলেন অনেক বেশ্যা নিবাস করিতেছে। তাহাদের নির্ম্মাণে বিশ্বকর্ম্মার বড়ইপ্রয়াস পাইতে হইয়াছিল। আর একটী বৈচিত্রীর কথা কি বলিব। উহাদের কেশ ধূপ ধূমের রেখা ধ্রুবেরও উপরে চলিয়া গিয়াছে। কাহারও কাহারও এইরূপ আশঙ্কা হইয়াছে তাহাদের কাজলে চন্দ্রের কলঙ্ক প্রকাশ হইয়াছে। উহাদের লজ্জা কৃত্রিম, তারুণ্য কপট, উহারা ধনের নিমিত্ত প্রেম দেখায়, লোভে বিনয় দেখায়, সৌভাগ্যে কামনা দেখায়।

স্বামী নাই অথচ সিন্দুর পরার পরিচয় দেয়, আপনার মদনের তৃপ্তির নিমিত্ত, লাভের গৌরবের জন্য, গুণবান্ উপপতি লাভ করিতে চায়। ধূর্ত্ত অনঙ্গ এই বেশ্যাদের মন্দিরে বাস করে। সেই বেশ্যারা যখন পরম সুখে বেশ বিন্যাস করে, অলকা তিলকা পত্রাবলী রচনা করে, ভাল ভাল কাপড় পরে, কুল্লাইয়া কুল্লাইয়া চুল বাঁধে, সখিদের পাঠাইয়া দেয়, হাসি হাসি মুখে চায়, তখন সেই সব সেয়ানী, লাবণ্যময়ী, পাত্‌লী, বৃদ্ধ, পতোহরী (যাহাদের পুত্রবধূ হইয়াছে) লজ্জাবতী, তরুণী, তরট্টি, বন্ধ্যা, বিচক্ষণী পরিহাসকারিণী সুন্দরীগণকে দেখিয়া তাহাদের জন্য মনে হয়; বাকী তিনটা [ধর্ম্ম অর্থ ও মোক্ষ] উপেক্ষা করি। তাহাদের কেশে ফুল লাগিয়া আছে যেন মান্যজনের লজ্জাবনত মুখচন্দ্র চন্দ্রিকাগুলির অধোগতি দেখিয়া অন্ধকার হাসিতেছে। তাহাদের নয়নাঞ্চলে ভ্রুলতাভঙ্গ সঞ্চার করিতেছে, যেন কাজলের নদীর ঘূর্ণীর মধ্যে বড় বড় শফরী লাফাইতেছে। অতি সূক্ষ্ম সিন্দূর রেখা পাপের নিন্দা করিতেছে। যেন পঞ্চশর তাহার প্রথম প্রতাপ প্রকাশ করিতেছে। রসিকলোক জুয়াজিতিয়া দোষহীন ক্ষীণ মাজা-খানি আনিল। সে মাজাত পয়োধরের ভারে ভাঙ্গিয়া যাইতে চায়। কিন্তু তাহার ভাগ্যে নেত্রের রীতি, তিন ভুবনকে সাধ্যসাধনা করিতেছে [ভাঙ্গিতে দিওনা]। রাজা তাহাকে যে বেশ দিয়াছেন তাহা সুস্বরে বাজিতেছে। কাহারও কাহারও মনে মনে আশা হইতেছে, কেমন করিয়া উহার

আঁচলের বাতাস আমার গায়ে লাগিবে। তাহাদের কুটিল কটাক্ষ ছটাই মদনের শর, গোবালী আর গাওয়ারকে ছাড়িয়া আর সকল নাগরবাসী লোকের মনে গাড়িয়া যাইতেছে।

সেখানে সকল নারীই বিচক্ষণী, সকল লোকই সুখে আছে ; শ্রীইম্‌রাহিম সাহের গুণে চিন্তাও নাই শোকও নাই। তাহাদের দেখিয়া নয়ন সুখিত হয় ; সর্ব্বত্র সুন্দর সুভোজন মিলে। এখন একটু মন দিয়া হে বিচক্ষণ পাঠক, শুন, আমি তুরকানদের কিছু লক্ষণ বলিব।

ছন্দঃ

তাহার পর ঐ দুই কুমার বাজারে প্রবেশ করিলেন যেখানে লক্ষ লক্ষ ঘোড়া আর হাজার হাজার হাতী। কোথাও কোটি কোটি গুণ্ডা রহিয়াছে আর বাঁদী ও বান্দা বিক্রয় হইতেছে। কোথাও দূরে হিন্দু বদমাইস বিক্রয় হইতেছে। কোথাও কুজা [মুসলমানদের জল খাইবার গেলাস। ইহার মাঝখানটা সরু] তবেল্লায় ছড়ান রহিয়াছে। কোথাও তীরধনুকের দোকানদারেরা দোকান খুলিয়া বসিয়াছে। কোথাও সরাকেরা (পোদ্দারেরা) সড়কের দুই পাশ ভরিয়া আছে। কোথাও লোকে রশুন পিয়াজ ফেরা করিয়া মাপিতেছে। অনেকে দাস দাসী খরিদ করিতেছে। তুরঙ্কে তুরঙ্কে দেখা হইলে অনেক সেলাম করিতেছে।

কোথাও কেহ খীসা [দস্তানার মত একটা নরম থলিয়া হাতে পরাইয়া চাকরেরা গা টিপিয়া দিত। ঐ থলির নাম খীসা] বেচিতেছে। নানা রকমের পরিষ্কার মোজা বিক্রয় হইতেছে। মীর, বল্লীর, সইল্লার ও খোজা ঘুরিয়া বেড়াইতেছে। তুরষ্কেরা "আবেবে" বলিতেছে, সরাপ খাইতেছে, কলমা পড়িতেছে। কথাবার্ত্তায় দিন কাটাইতেছে। কেহ কেহ কাপড়ে ফুল কাটিতেছে, মসীদ ভরিয়া দিতেছে। কেতাব পড়িতেছে। তুরষ্কের সংখ্যা অনন্ত। আগ্রহের সহিত উহারা খোদার নাম লইয়া ভাঙ্গের গুণ্ডা খাইয়া লইতেছে। জোরাল লোক বিনা কারণেই 'কো হায়' বলিয়া রাগ দেখাতেছে। তুরষ্ক আর তোখারেরা হাটে গিয়া বেড়াইতেছে, আর ফেড়া মাঙ্গিতেছে। আড়দৃষ্টিতে দেখিয়া দাড়ী মুচড়াই থুক ফেলিতেছে। আর সকলেরই সরাপ খারাপ বলিয়া বাঃ বাঃ বলিয়া ধমক দিতেছে। তাহাদের অবিবেকিতার কথা কি বলিব? তাহারা বাদসাহের পিয়াদা লইয়া ঘুরিতেছে, গরুবী গানওয়ালী মত্ত হইয়া নানা মূর্চ্ছনায় মতরুফ গাইতেছে। তুরকিনী চরখ নাচ নাচিতেছে। দরবেশ দোয়া দিয়া যাইতেছে কিছু না পাইলে গালি পাড়িয়া যাইতেছে। মুখদূম (পীর) রা কাড়িতেছে না, মজা করিয়া সঙ্কেতে দেও বলিতেছে; আর লোকে আপনার হাতে তাকে দশ দশটা জিনিস ঢালিয়া দিতেছে। খুন্দকারের হুকুমের কথা কি বলিব? হুকুমে আপনায় রক্ষা করিয়া পরের সর্ব্বনাশ করিতেছে।

হিন্দু ও তুরঙ্কে মিলিয়া বাস করিতেছে। একের ধর্ম্মে অন্যে উপহাস করিতেছে। কত জায়গায় আজানের বাঙ হইতেছে, কত জায়গায় চেঁচাইয়া বেদপাঠ হইতেছে, কত জায়গায় মেলা মেশা হইতেছে, কত জায়গায় ঝগড়া হইতেছে। কত জায়গায় ওঝা আছে কত জায়গায় খোজা। কত জায়গায় নকত (রাত্রি ভোজন) কত জায়গায় রোজা। কত জায়গায় নীমাজ হইতেছে, কত জায়গায় জবরদস্ত তুরঙ্ক বাহির হইয়া রাস্তায় যাইতে বেগার ধরিতেছে। ব্রাহ্মণের বালক ধরিয়া আনিতেছে, আর তার মাথায় গরুর রাঙ চড়াইয়া দিতেছে তাহার ফোঁটা চাটিয়া লইয়া তাহার পৈতা ছিড়িয়া দিতেছে আর তাহাকে (মুসলমান করিয়া) ঘোড়ার উপর চড়াইতে চাহিতেছে। ধোয়া উড়িধানে মদিরা তৈয়ার করিতেছে। আর দেউল ভাঙ্গিয়া মসীদ বাঁধিতেছে। গোরী ও গোমঠে (গোর ও মন্দিরে) পৃথিবী ছাইয়া যাইতেছে। আর তুরঙ্ক ছোট হইলেও রাগ করিয়া মারিতে যাইতেছে। (প্রগলভ ব্যবহার করিতেছে।) হিন্দুর গোষ্ঠ গ্রাস করিয়া তাহাতে যে ফল উৎপন্ন হইতেছে তাহা দেখিয়া তুরঙ্কেরা মহা আনন্দ করিতেছে। এইরূপে তাহাদের প্রতাপে সুলতান চিরজীবি হউন।

এই দুই রাজকুমার হাটে হাটে বেড়াইয়া দর্শনের কৌতুহল নিবারণ করিলেন ও পরে কার্য্যরসে দরবারে উপস্থিত হইলেন :

সেখানে পঁহুছিয়া দেখিলেন লোকের ভীড় ভীষণ। আকাশ মণ্ডলে পূরিয়া নানাপ্রকার ধূলা উড়িতেছে। অনেকে বেড়াই-

তেছে, খানমুলুকের তুরঙ্কেরা পদভরে পাথর চূর্ণ করিয়া চলিয়াছে দূর হইতে বড় বড় রাজা দেউড়ী ও দুয়ার ছাইয়া আছেন। তাঁহারা ছায়ার আশ্রয় চান। না পাইয়া বাহিরে আসিয়া কত যে গালি পাড়িয়া যান তাহার ঠিকানা নাই। বহুসংখ্যক রাজগণ সইঅদের থাকিবার স্থানে, থরে থরে বিস্তীর্ণ হইয়া দরবারে বসিয়া আছেন। সমস্ত দিন সেইখানে আছেন, বৎসর ঘুরিয়া গেল, সুলতানের সঙ্গে ভেট হইল না। ভাল খানদানের খান ওমরাহগণ মজা করিয়া মহল সব জানিয়া লইয়াছেন। ইলাম না থাকিলেও রহিয়া রহিয়া সুলতানের সেলামে আসিতেছেন। সাগরও পর্ব্বতের ওপার হইতে দিকদিগন্তর হইতে ছোট রাণা, রাউত ও রাণা যাহার নিমিত্ত আসিয়াছেন, তাহার দুয়ারে বসিয়াই কৃতার্থ হইতেছেন। এখানে থাকিয়া চট্ট ভট্টদের দেখিয়া গণনা করিতেছেন। আর যে সকল লোক আস্‌চে যাচ্‌চে, কাজ কর্‌ছে তাহাদের মনের ভাব লক্ষ্য করিতেছেন। তেলঙ্গের, বঙ্গের, চোলের, কলিঙ্গের রাজপুত্রগণ সুপরিচ্ছদে শোভিত হইয়া নিজ ভাষায় কথাবার্ত্তা কহিতেছেন, সাহস কার্য্যের কল্পনা করিতেছেন, তাহাতে পণ্ডিতেরা খুব খুসী হইতেছেন। অনেক রাউত ও তাহাদের পুত্রগণ অটর পটর করিয়া চলিয়াছেন, যুদ্ধে তাঁহারা খুব পটু, রূপে যেন গন্ধর্ব্ব, পরের মন মোহন করিতেছেন। এই খাস দরবার সকল মহীমণ্ডলের উপরে। এখানে লোক আপন ব্যবহারে উঠিয়া আর সকলকে দরিদ্র করিয়া ছপ্পর উঠাইতে চান। শত্রু উঠিয়া, মিত্র উঠিয়া, অন্য সকলেও

উঠিয়া, সকলেই ইহার কাছে মাথা নোয়ায়, প্রসাদ পায়, উঠিয়া ভয়ে ভব্যলোকের মত যায়। সকলেই নিজের ভাগ্য অভাগ্য বিভাগের বল উঠিবামাত্র জানিয়া যায়। এই বাদসাহ সকলের উপরে। ইহার উপরে স্বয়ং ভগবান্।

আহা অহো কি আশ্চর্য্য। সেই বাহির বাটীর দবাল ও দরবাল এই রকম। দেখা গেল দরদালান ঘর, জলের ঘর, নেমাজের ঘর, শোবার ঘর, খাবার ঘর আছে।

দেখিলে চিত্ত চমৎকার হইয়া যায়। সকলেই ভাল বলে। যেন আজপর্য্যন্ত বিশ্বকর্ম্মা এই কার্য্যের ছলে এমন একটী অট্টালিকা প্রস্তুত করিয়াছেন যাহা বজ্রমণিদিয়া গাথা ও যাহাকে সোণার কলস দিয়া এত উচু করিয়াছেন যে সূর্য্যরথের সাতটা ঘোড়ার আঠাইশটা টাপ তাহাতে বাজিতেছে। উহাতে প্রমদবন, পুষ্পবাটিকা, কৃত্রিম নদী ক্রীড়াশৈল, ধারাগৃহ, যন্ত্রব্যজন, শৃঙ্গার সঙ্কেত, মাধবী মণ্ডপ, বিশ্রাম চৌরা, চিত্রশালী, খাট, দোলা, কুসুমশয্যা, মাণিকের প্রদীপ, চন্দ্রকান্তশিলা চারিপ্রকার সুগন্ধি দ্রব্যের পল্লব। এই সকলের নির্ম্মাণ কৌশল ও প্রয়োজন জিজ্ঞাসা করিয়া রাজকুমারেরা বুদ্ধিমান লোকদের আপনার করিয়া লইয়া মহলের সব খবর লইলেন।

এই সকল দেখিয়া বহুদূর ঘুরিয়া বাহির বাটীতে ক্ষণ মুহূর্ত্ত বিশ্রাম করিয়া, শিষ্টাচারের দ্বারা সকলের সহিত পরিচয় করিয়া, আপনার গুণে সকলকে মুগ্ধ করিয়া, লোকের মনোরঞ্জন করিয়া সকল মহলের খবর লইলেন। সেয়ানা লোকদের

শুভাশুভ হাল জিজ্ঞাসা করিলেন তাহারা সে আশাকে পল্লবিত করিয়া দিল অতঃপর সংধ্যার সময় নগরের মাঝখানে এক ব্রাহ্মণের গৃহে বাস করিলেন।

যে সন্ধ্যার সময় পদ্মের মুখ পরাজিত শত্রুগণের স্ত্রীর মুখের মত ম্লান হইয়া যায় সেই সন্ধাকে, ভক্তিপূর্ব্বক সূর্য্যপরিচিত দানের দ্বারা, অন্য লোক দিয়া যে সকল ব্রাহ্মণ কৃতার্থ হইয়াছেন তাঁহা-দিগকে মোটা মোটা ভিক্ষা দিয়া যিনি অসংধ্যা করিয়া তুলিয়াছেন, সেই কীর্ত্তিসিংহ নরেন্দ্র তোমাদের বহুকাল পালন করুন।

শ্রীমান্ বিদ্যাপতি ঠাকুরের রচিত কীর্ত্তিলতার দ্বিতীয় পল্লব শেষ হইল।

BARBAZAR READING LIBRARY
ESTD. 1888.
CALCUTTA.

তৃতীয় পল্লব।

ভৃঙ্গী আবার জিজ্ঞাসা করিতেছে।

কান্ত তুমি যখন বলিতেছ, বোধ হইতেছে, অমৃতরস আমার কানে ঢালিয়া দিতেছ। হে বিচক্ষণ পুরুষ, তুমি পুনঃপুনঃ বল, আমি আগের কথা শুনিতে চাই।

ভৃঙ্গ। রাত্রি শেষ হইয়া প্রত্যূষ হইল। সূর্য্যদেব অন্ধকার নাশ করিয়া দিলেন। পদ্মবনে হাসি ফুটিয়া উঠিল। নিদ্রা নয়ন ত্যাগ করিল। রাজারা উঠিয়া মুখ ধুইলেন; উজীরের আরাধনার জন্য গিয়া সেখানে আপনাদের কার্য্যের কথা নিবেদন করিলেন। যদি প্রভু প্রসন্ন হন, তবে রাজ্য লাভ সিদ্ধ হয়। তখন মন্ত্রী সুলতানের নিকট প্রস্তাব করিলেন। শুভমুহূর্ত্তে এক উত্তম ঘোড়া ও কাপড় ভেট দিয়া সুলতানের সঙ্গে সাক্ষাৎ হইল। হৃদয়ের দুঃখ ও বৈরাগ্য মিটিয়া গেল। খোদাবন্ধ সুপ্রসন্ন হইয়া কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিলেন। কীর্ত্তিসিংহ পুনঃ পুনঃ প্রণাম করিয়া বার্ত্তা বলিতে লাগিলেন। আজ আমাদের উৎসব, আজ আমাদের কল্যাণ, আজ আমাদের সুদিন, আজ আমাদের সুমুহূর্ত্ত। আজ আমরা মায়ের যথার্থ পুত্র হইলাম। আজ আমাদের পুরুষার্থ পূর্ণ হইল। কারণ আজ আমরা বাদসাহের পাপোস পাইয়াছি। অকুশল কেবল দুটী। একটী আপনার প্রতাপ খর্ব্ব হইয়াছে। আরটী এই যে আমাদের বাপ গণেশ্বর রাজা লোকান্তরে স্বর্গে গিয়াছেন। আমরা কোন ফরমানও চাহিনা। আপনি তিরহুত রাজত্ব গ্রহণ করুন।

ভয়ে ভয়ে আর একটী কথা বলিতেছি। আপনি এখানে আছেন আর সেখানে অসলান আছে। সে প্রথমে আপনার ফরমানকে ফেলিয়া দিয়া, গণেশ্বর রাজাকে বধ করিয়া, জয় ঘোষণা করিয়া, তিরহুতকে উচ্ছন্ন দিয়া চামর চালাইতেছে ও মাথার উপর ছত্র ধরিয়া আছে। এত করিলেও যদি, আপনার তাহার প্রতি রোষ না হয় তবে অসলান রাজ্য করুক আর আপনি অদ্য অভিমানকে জলাঞ্জলি দান করুন। দুইজন রাজা। পৃথিবী এক মাত্র নারী। সে বড় বেহায়া। দুজন রাজার ভর সে সহিতে পারিতেছে না। যুদ্ধ বাধাইয়া দুজনকেই অবশ করাইয়া দিতে চায়। পৃথিবীতে আপনার প্রতাপ জ্বল জ্বল করিতেছে, আপনাকে উপেক্ষা করিয়া, আপনাকে দলিত করিয়া, সকল রাজারা আসিয়া তাহার সেবা করিতেছে। আপনার দানে পৃথিবী ভরিয়া গিয়াছে। আপনার কীর্ত্তি সকলে গান করিতেছে। আপনার আবার রিপু! তার আবার নাম করে! এটা অসহ্য। লোকে শুনিয়া হাসে। আপনি বীরত্বের নিজ স্থান অপর বেচারারা কি করিবে!

এই কথা শুনিয়া সুলতান অত্যন্ত ক্রুদ্ধ হইলেন। রাগে তাঁহার হাত দুটা রোমাঞ্চিত হইল। আগাগোড়া ভ্রুযুগলে গাঁট পড়িয়া গেল। ঠোঁট ফুলিয়া উঠিল। চক্ষুদুটী রক্তপদ্মের শোভা ধারণ করিল। তৎক্ষণাৎ খান ও ওমরাহগণের উপর ফরমান হইল। আপনাদের সৈন্য সজ্জা করুন, তিরহুত যাইতে হইবে। সুলতান তপ্ত হইয়াছেন, দরবারে রোল উঠিল। লোকজন চারিদিকে যাওয়া আসা করিতে লাগিল। পদভরে

পৃথিবী ধসমস্ করিতে লাগিল। তাতে পৃথিবী ভরিয়া গেল। সকলের মনে সকল বিষয়েই আশঙ্কা হইতে লাগিল; বড় দূর বড় যুদ্ধ, সকলেরই মনে উদ্বেগ জড়াইয়া উঠিল। সকলেই দর্প করিয়া বসিল, মাথাপাগলা, দাগাবাজ, অসন্তুষ্ট বিদ্রোহকাঙ্ক্ষী, ও বকের মত ক্রুর প্রকৃতির লোক সকলে এমনি ভাব প্রকাশ করিতে লাগিল যেন এখনই দৌড়িয়া গিয়াই অসলানকে ধরিয়া দিবে।"

সেই দুই সহোদর আনন্দিত হইলেন। কীর্ত্তিসিংহ ও বরনৃপতি পসাও (দান) লইয়া বাহির হইয়া আসিলেন। ইহারই মধ্যে সুলতানের কিছু বৃত্তান্ত পুরি মধ্যে পাওয়া গেল। পূর্ব্ব-দিকের জন্য সেনা সজ্জিত হইতেছিল, কিন্তু পশ্চিম দিকে যাত্রা হইল। এক করিতে আর হইল, বিধির চরিত্র কে জানে। সেই সময়ে রাজা কীর্ত্তিসিংহ চিন্তা করিলেন, সবদিকেই আমার লজ্জা উপস্থিত হইল। পুনরায় পরিশ্রম করিলে সিদ্ধ হইবে, কিন্তু এখন আমাদের কাজ ফাঁসিয়া গেল। এইরূপ ব্যাপার উপস্থিত হওয়ায় চিন্তাভরাবনত রাজাদের মুখারাবিন্দ দেখিয়া মহা যুবরাজ শ্রীমান বীরসিংহ দেবের মন্ত্রী বলিতে লাগিলেন :—

উঁহার এইরূপ প্রতাপই বলিয়া মনে করা অপরাধ বলিয়া মনে করিও না। রাজ ঘরের কার্য্য দুঃখে সিদ্ধ হয়। অতএব উদ্বেগ করিও না। সুহৃদদিগকে জিজ্ঞাসা করিয়া সংসার দূর করিব। ফল দৈবের আয়ত্ত কিন্তু সাহস কর। সাহসই পুরুষের কার্য্য যদি সাহসে সিদ্ধি না হয় যেন ঝংখ

করিব ? কেন নিরুৎসাহ হইবে। বীরপুরুষের একমাত্র ভরসা উৎসাহ। উনি রাজা ও বিচক্ষণ, তোমরা গুণবান, উনি ধার্ম্মিক, তোমরা শুদ্ধ। উনি সদয়, তোমরা রাজ্যহীন। উনি জিগীষু, তোমরা বীর। উনি রাজা, তোমরা রাজ্যখণ্ডিত। উনি পৃথিবীপতি সুলতান, তোমরা রাজকুমার। যদি একচিত্ত হইয়া সেবা কর, নিশ্চয়ই উপায় হইতে পারে।

আবার এই সময়ে রোল পড়িল, সেনার সংখ্যা কে জানে ? নলিনী পত্রের মত পৃথিবী চলিতে লাগিল। সুলতানের তক্‌তাজ চলিল।

নিশিচ্ছন্দঃ পাল। সুলতান ইবরাহিমের তক্‌তান চলিল। সৈন্যগণের যাত্রায় কূর্ম্ম হইল ধরণীশূন্য। পর্ব্বত টরটর করিতে লাগিল, পৃথিবী পড়িয়া গেল, নাগকুলের মন কম্পিত হইল। সূর্য্যের রথ ও গগনের পথ, ধূলিভরে ঝাঁপিয়া গেল। শত শত তবল বাজিতে লাগিল ভেরী সব ফুঁফুঁ করিতে লাগিল। আর সব বল লুকাইয়া ফেলিয়া প্রলয়ের মেঘ রাজ্য ব্যাপ্ত করিয়া ফেলিল। লক্ষ লক্ষ তুরুস্ক আনন্দে হাসিতে লাগিল। মানী তুরুকগণের কটিতে যে করবাল ছিল যুদ্ধে তাহা হইতে অগ্নিস্ফুলিঙ্গ বাহির হয়। যে সময় তাহারা রাস্তায় উঠে, পায়ে চলে ও জোরে যাইতে থাকে, তখন শত্রুর ঘরে ভয় উপস্থিত হয়। হতাশায় নয়নে নিদ্রা আসে না। গর্ব্ব করিয়া খড়্গ লইয়া তুরস্কেরা যখন যুদ্ধ করে, তখন সকল সুরনগর শঙ্কা পাইয়া মোহ যায়। তাহাদের পদাতি-

গণের পদভরে গভীর জল, স্থল যইয়া যায়। জানিয়া শুনিয়া সমস্ত সংসারেই শঙ্কার উদয় হইল। তাহারা খেলার মতন করিয়া বাঁধিয়া ধরিয়া শত্রুদিগকে বাদসাহের চরণতলে অর্পণ করিতে লাগিল। খেলায় নামাইয়া আনিয়া আপনার হাতে তাহাকে ধরিয়া রাখিতে লাগিল। চারিদিকে দ্বীপ ও দ্বীপান্তরে পাতসাহ দিক্‌বিজয় করার জন্য ভ্রমণ করিতে লাগিলেন। তিনি দুর্গম স্থানেও প্রবেশ করিয়া কর চাহিতে লাগিলেন। তিনি যেন দুই রাজকুমারের স্বার্থই সম্পাদন করিতে লাগিলেন, দেশ বিদেশ বন্দী করিয়া ভীষণ গিরি পত্তন জ্বালাইয়া দিয়া, শত্রু সকলকে মারিয়া, সীমায় আসিয়া পঁহুছিলেন; রাজ্যের সর্ব্বস্ব লুটিয়া লইয়া শত্রুকে বিনাশ করিয়া অগ্রসর হইতে লাগিলেন ও এক স্থানে উত্তরিয়া দশস্থান মারিয়া চলিলেন। পৃথিবীর রাজারা ইরবাহিম সাহের যুদ্ধযাত্রা কেমন করিয়া সহ্য করিবে? গিরি ও সাগর পারেও তাঁহার বাধা নাই। কেবল রাইয়ৎ হইলে জীবন রহে। যে রাইয়ৎ হইল তাহাকে শঠলোকেও ছুইতে পাইল না। বড় কাজই হউক আর ছোট কাজই হউক, সমস্ত কটক লটক পটক করিয়া তথায় উপস্থিত হইবে। নায়কের হাতে চোর ঘুরিতে লাগিল এবং আর একজনের মাথায় দোহাই ফেলিতে লাগিল।

কটকের লোকে একসের জল কিনিয়া আনিয়া কাপড়ে ছাঁকিয়া এক মুহূর্ত্তে খাইয়া ফেলিল। জলের জন্য সোণার টাকা দিতে হইল। চন্দনের মূল্যে জ্বালানি কাঠ বিক্রয় হইতে লাগিল।

অনেক কড়ি দিয়া অত্যন্ত অল্প জিনিষ কিনিল। লোকে ঘোড়া দিয়া ঘী কিনিল ; বাঁদী ও বড়দাস দিয়া কড়ুয়ার তেল গায়ে মাখিল। এইরূপে বহু প্রকার সাহস করিয়া তাহারা দূরদিগন্তরে যুদ্ধ করিতে লাগিল।

রাজকুমারেরা অনেক সময় ফলমূল খাইয়া রহিলেন। তুরঙ্কের সঙ্গে যাওয়া অনেক কষ্টে আচার রক্ষা করিতে হইল। কিছুমাত্র সম্বল নাই। দেহ শীর্ণ হইয়া গিয়াছে। কাপড় পুরাণ হইয়া গিয়াছে। যবনের স্বভাবই নিষ্করুণ। সুলতান তাঁহাদের স্মরণ ও করিলেন না। একে টাকাকড়ি নাই, বাণিজ্যও নাই, বিদেশে ঋণ পাওয়াও সম্ভব নয়। মানধন লোকে ভিক্ষাও করিতে পারে না। রাজার ঘরে জন্ম, কাতর বচন ত আসেই না ; এমন কি, "নাই" এ কথাও আসে না। স্বামির সেবা করিয়া ইহাঁরা নিঃশঙ্ক হইয়াছেন, কিন্তু দৈব এখনও আশা পূর্ণ করিতেছেন না। আহা বড় লোক কি করিবে ? "সন্নগাই" নিস্তব্ধতা গ্রহণ করিয়া গণ্ডায় গণ্ডায় উপবাস চলিয়া যাইতেছে। প্রিয়গণ চিন্তা করিতেছে না, মিত্রেরা চিন্তা করিতেছে না। কিন্তু খাওয়া দাওয়াই হইতেছে না ; ক্ষুধায় ভৃত্য চলিয়া যাইতেছে, ঘোড়ার ঘাস ছাড়া দিন দিন কিছুই পাওয়া যায় না। অতি দুঃখে তাঁহারা কাল কাটাইতে লাগিলেন। কেবল একজন চুকিলেন না, তিনি শ্রীকেশব কায়স্থ। আর একজন সোমেশ্বর। তাঁহারা সকল দুরবস্থা সহিয়া চুপ করিয়া সঙ্গে রহিলেন। তাহারা বিচক্ষণ বণিক, ধর্ম্মের হাট প্রসারিত

করিয়া রহিলেন। ভৃত্য ও মিত্র কাহারও কাল কাটিতেছিল না। ঐরূপ পরম কষ্টের পরাকাষ্টা সহ্য করিয়া দুই সহোদরের নিকট সকলে কত বিষয়ের কথা উঠাইতে লাগিলেন; চিত্তে লজ্জা, আচার রক্ষা, গুণের পরীক্ষা, হরিশ্চন্দ্রের কথা, নলের ব্যবস্থা, রামদেবের রীতি, দানের প্রীতি, নিজের বিবাহের সময়কার সাহস, উৎসাহ, মন্দ কার্য্যে বাধা, কর্ণ দধীচির সঙ্গে তুলনা। সেইক্ষণে একবার কীর্ত্তিসিংহ ও রাজা চিন্তা করিলেন, আমাদের এইরূপ দুঃখ শুনিয়া আমাদের মা কি জীবিত থাকিবেন?

সেখানে মন্ত্রী আনন্দ খান আছেন। তিনি সন্ধি, ভেদ ও বিগ্রহ জানেন। সেখানে আমাদের সুপবিত্র মিত্র শ্রীহংসরাজ আছেন; যিনি আমাদের কাজের জন্য সর্ব্বস্ব উপেক্ষা করিতে পারেন। আমাদের সহোদর শ্রীরায় সিংহ আছেন, যিনি সংগ্রামে পরাক্রম দেখাইতে রুষ্ট সিংহের মত। গুণে গুরু মন্ত্রী গোবিন্দ দত্ত আছেন। যাঁহার বংশের মহত্ত্ব বলিয়া অন্ত করা যায় না। তাহার পর আছেন, মহাদেবভক্ত হরদত্ত, সংগ্রাম কার্য্যে যিনি অর্জ্জুনের মত। ইহারা প্রবোধ দিলে আমাদের মা আর শোক করিবেন না। লোক যাহাদের অনুরক্ত তাহাদের ঘরে বিপদ আসে না। সুলতানকে একটু পীড়াপীড়ি করিয়া বলিতে হইবে, কিছু উপায় ইঁহাদের জন্য করুন। যে দুই সহোদর সাহস করিয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছেন, যাঁহারা অগ্নির শিখা হাতে লইয়াছেন,

যাঁহারা সিংহের কেশর ধরিয়াছেন, যাঁহারা সর্পের ফণা ধরিয়াছেন, যাঁহারা রুষ্ট প্রজাসমূহের আক্রমণ নিবারণ করিয়াছেন, সেই দুই সহোদরের দুঃখের কথা মন্ত্রীরা সুলতানের গোচর করিলেন। তাঁহাদের জীবন থাকিবে না, কেবল স্নেহ থাকিয়া যাইবে। মান থাকিবে না। এই কথায় কাল পালটিয়া গেল ও সুপ্রসন্ন হইল, পুনরায় বিধি প্রসন্ন হইলেন, পুনরায় দুঃখ ও দারিদ্র্য খণ্ডিত হইয়া গেল। কটক সকল যুদ্ধের উৎসাহে মণ্ডিত হইয়া তিরহুত পঁহুছিল। সাহসের ফল ফলিল। আর সুলতানের ফরমান বাহির হইল। যাহার প্রতি সুলতান সুপ্রসন্ন পৃথিবীতে তাহার কোন কার্য্য অসাধ্য ?

কীর্ত্তিসিংহ যখনই যে কার্য্য সাহস করিয়া অগ্রসর হইয়াছেন, তখনই তাহাতে সফল হইয়াছেন। তাহার কুল রিপুমণ্ডলীর সমর দুর্গ সংহার করে। কুমুদ, কুন্দ, চন্দ্রের মত তাঁহার শুভ্র যশ জগতের চারিদিকে ব্যাপ্ত হয়। তাঁহার লক্ষ্মী তুরঙ্গের উপর বসি থাকেন; তুরঙ্গের দুইদিকে দুই চামর। কীর্ত্তিসিংহের জয় হউক।

চতুর্থ পল্লব।

ভৃঙ্গী পুনরায় বলিতেছে, তুমি বল বল, তুমিত সবই বলিতেছ। কাহার উপর সেনা সঞ্চালন করা হইল। কিরূপে তিরহুত পবিত্র হইল। আর অসলান কি করিল ?

ভৃঙ্গ বলিতেছে, আমি কীর্ত্তিসিংহের গুণ কহিব, প্রেয়সি কান দাও। কীর্ত্তিসিংহ বিনা ধনে, বিনা জনে, বিনা ধাঙ্কায় সুলতানকে চালাইয়াছিলেন। দুই কুমার খুব গুরুতর লোক, অসলান ও খুব গুরুতর লোক। সুলতান ইঁহাদের সহায়তা করিবার জন্য, উঁহার বিরুদ্ধে আসিয়াছেন।

সুলতানের আজ্ঞায় সাগরের মত শব্দ হইতে লাগিল। লক্ষাধিক পদাতিকের শব্দ হইতে লাগিল ও বাজনা বাজিতে লাগিল। শত্রুর কপাল ভাঙ্গিল।

বাদ্য বাজিতে লাগিল, সেনা মধ্যে হস্তি, অশ্ব ও পদাতিকের ঘেঁসাঘেসি হইতে লাগিল। বাহিরের দিকে কয়েদ খানা হইল। সাজ সাজ বলিয়া শব্দ পড়িয়া গেল। ঝৃদ্ধির ইয়ত্তা জানা যায় না। প্রথমেই হাতির দল সজ্জিত হইয়া চলিল। মনোহর রাজার কটক তিরহুতের উপর পতিত হইল। নানাপ্রকার অশ্বরাজি চলিতে লাগিল। পদাতি চক্র কে গণনা করিবে? এইরূপে চতুরঙ্গ সেনা সাজিয়া চলিল। মদমত্ত হাতী অনবরত যাইতে লাগিল, গাছ ভাঙ্গিতে লাগিল, রাস্তার দুইধার চাপিয়া ভাঙ্গিতে লাগিল, মাহুতের বোল অগ্রাহ্য করিতে লাগিল, মাঝে মাঝে জোরে শব্দ করিতে লাগিল। তাহারা যুদ্ধে স্থির, যেন মাটিতে মেঘ চলিয়াছে, অন্ধকার পর্ব্বতের শিখরের মত, উহারা দিগ্বিজয়ে ছুটিতে লাগিল। উহারা দেহবান গর্ব্ব স্বরূপ, দেখিতে অতি সুশ্রী। উহারা কাণ চালিতেছে, দেখিতে পর্ব্বতের মত, বড় বড় শুড় দিয়া মানুষেরা

মুণ্ড দমাইয়া দিতেছে। বিধাতা বিন্ধ্য হইতে ইহাদিগকে কাড়িয়া আনিয়াছেন, অগস্ত্যের নিয়ম অতিক্রম করিয়া পর্ব্বত বাড়িয়া উঠিলেন কি? মাহুতে অঙ্কুশ মারিয়া হাতীকে মাটী খোঁড়াইতে, দৌড় করাইতে ও মারিতে জানে। পদাতিগণের পদভরে তুরঙ্গ পলাইবার চেষ্টা করিল। টাপে টাপে টংকার শুনিয়া অঙ্গ রোমাঞ্চিত হইল।

যে সকল ঘোড়ার নাম, তাহাদের পরাক্রমের জন্য, দ্বীপে দ্বীপে প্রচার হইয়াছিল, সেইরূপ অনেক তেজি ঘোড়া সাজাইয়া সাজাইয়া আনা হইল। তাহাদের স্কন্ধ বিশাল, গড়ন দেখিতে সুন্দর, কর্ণের চমৎকার শক্তি। উহারা হাতীকে তলায় ফেলিয়া তাহাদের লঙ্ঘন করিয়া শত্রু সেনাকে ক্ষুভিত করে।

ঘোড়াগুলা সামর্থ্য ও শৌর্য্যে পরিপূর্ণ। তাহারা চারিপায়েই চক্কর খায়। তাহারা আপন অধিকারীর সংগ্রামে সকল রকম যুদ্ধ কৌশলের মর্ম্ম বোঝে। তাহারা সুজাতি ও শুদ্ধ; ক্রুদ্ধ হইলে ঘাড় বাঁকাইয়া শব্দ করে; বিশুদ্ধ দর্পে টাপ মারে তাহাতে পৃথিবী চূর্ণ হইয়া যায়। যখন তখন বিপক্ষকে দেখিতে পাইলে উচ্চৈঃস্বরে চিঁহিঁহিঁ শব্দ করে। ভেরীর সঙ্গে নিশানের শব্দ শুনিলে ক্রোধে পৃথিবী খুঁড়িতে থাকে। তাহারা চাবুকের ভয় করে, বায়ুকে জয় করে, চামর দিয়া তাহাদের অলঙ্কার করা হয়। তাহাদের স্বভাব বিচিত্র, তাহারা সর্ব্বদাই নাচে এবং রাগ বাগে পণ্ডিত। তেজি ও তাজি ঘোড়া বাছিয়া বাছিয়া আনিয়া সারি সারি করিয়া সাজান হইল। লক্ষ ঘোড়া

আনা হইল, তাহাদের মূল্য এত, অধিক যে সোণার মেরুতেও কুলায় না। ঘোড়ার কটক অতি সুন্দর রে অতি সুন্দর।

অশ্বগণের মুখ বাঁকা বাঁকা, চোখ বড় বড় ; তাহাদের শরীর আঁটা আঁটা করিয়া বাঁধা। কাঁধ তীক্ষ্ণ ও তরল। ভয়তরাসে লোকও তাঁহাদের পিঠে চড়িলে বীরদর্পে অহঙ্কৃত হয়। তাহারা পর্ব্বত লঙ্ঘন করিয়াও শত্রুকে মারে। শত্রুর অখিল সৈন্য লঙ্ঘন করিয়া কীর্ত্তিনদী পার হয়। নদীর জল সম্পর্কে তাহাদের চারি পাই ধোয়া হইয়া যায়। তাহারা মুরলী, মনারী, কুণ্ডলী, মণ্ডলী প্রভৃতি নানা গতি যখন করে, তখন মনে হয় তাহাদের পায়ের তলে পবন দেবতা বসিয়া আছে। তাহাদের মুখমণ্ডলে পদ্মের চিহ্ন আছে, উহাত পদ্মের চিহ্ন নহে যেন অধিকারীর ললাটে যশশ্চন্দনের তিলক। ক্রোধভরে বাল ও তরুণ ঘোড়াগুলি অতিশয় তেজস্বী দেখাইতেছে। তাহাদের দেহ যেন বাড়িয়া উঠিয়াছে, যেন সিন্ধুপারস্থিত সূর্য্য রথ বহাইবার জন্য তাহাদিগকে নিযুক্ত করা হইয়াছে। তাহারা যখন যায়, পবন পিছে পিছে আসে। তাহারা মনকে বেগে জিতিয়া ফেলে। রৌদ্রকে ধস্ মস্ করিয়া তাহারা চলিয়া যায়।

যখন ঘোড়ারা যুদ্ধস্থলে সঞ্চরণ করিতে লাগিল, রাজ্যের সমস্ত ভূমি গর্জ্জন করিতে লাগিল। অরিরাজের লক্ষ্মীকে আচ্ছাদিত করিয়া সোয়ারেরা ঘোড়াদের বিবিধ নাচ নাচাইতে লাগিল এবং আপনাদের আশা পুরাইতে লাগিল।

তেমনি একটি ঘোড়ায় চড়িয়া সুলতান ধ্বজ চামর বিস্তার করিয়া চলিলেন। তাঁহার ঘোড়াটি অনেক বাছিয়া বাছিয়া বাহির করা হইয়াছিল। উহার অত্যন্ত পৌরুষলাভও হইয়াছিল।

রাজবাড়ীর দিক্‌বিদিক্ জানিয়া দুই সহোদর রাজত্ব লাভ করিলেন, আর দুইটী ঘোড়া পাইলেন। তাহাদের কাছে গিয়া সকলেই প্রশংসা করিতে লাগিল এবং তাহাদের দেখিয়াই শত্রুরা দূর হইতে ভঙ্গ দিল। তেজি তেজি ঘোড়াগুলি চারিদিক ছাইয়া ছুটিল। যেমন বাঁশ ফাটে তেমনি শব্দ করিয়া তরুণ তুর্কিরা চাবুক ফুটাইতে লাগিল। সজ্জিত করিয়া করিয়া জুড়িয়া চাপিয়া তুণে তীর ভরিতে লাগিল, গুরুদর্পে গর্ব্ব করিয়া [ধনুকে] ছিলা কসিয়া দিল। এইরূপে ফৌজ বাহির হইতে লাগিল, অনবরত। কত, তাহার সংখ্যা কে করে? পদভরে বরাহ ও অনন্তকে দমাইয়া দিয়া কূর্ম্মকে উল্টাইয়া মোড়া দিল।

এককোটি ধনুর্ধারী পদাতিক ধাইয়া যাইতে লাগিল। ঢাল লইয়া লক্ষ লোক চলিতে লাগিল। তাহারা যখন যাইতে লাগিল, তখন তাহার অঙ্গে চঙ্গে চম্‌ক লাগিতে লাগিল। খড়্গের আগায় আগায় উন্মাদভাবে গোল হইল, কাহারও কথা কেহ শুনিতে পাইল না। তবে যে যুদ্ধ হইতে লাগিল, সে কেবল খুন্দকারের চীৎকারে। পদাতিরা কাঁচা মাংস ভোজন করিতে লাগিল। মদ খাইয়া তাহাদের চক্ষু লাল হইয়া গেল। তাহারা অর্দ্ধেক দিনে বিশ যোজন যাইতে লাগিল

আর বগলের রুটি খাইয়া দিন কাটাইতে লাগিল। লতা কাটিয়া ধনুকে জুড়িতে লাগিল। আর ঘোড়ার উপর চড়িয়া পর্ব্বতের উপর উঠিতে লাগিল। তাহারা গো ব্রাহ্মণ বধে দোষ বলিয়া মনে করে না। পরপুরের স্ত্রীলোককে বন্দী করিয়া আনে। আনন্দে আহ্লাদে অট্টহাস হাসে। তরুণ তুরঙ্ক সমূহ পরস্পর কথা কহিতে কহিতে আনন্দে চলিয়া যায়।

আরও কত ধাঙ্গড় ঐখানে যাইতে দেখি। তাহারা গোরু মারিয়া মিলিয়া মিশিয়া খাইতেছে। ধাঙ্গড়ের কটক বড়ই ব্যস্ত। তারা যেদিকে যাইতেছে সেই দিকের রাজার ঘরের তরুণীরা হাটে বিক্রয় হইতেছে। একটা শাবল কত হাতই ফিরিতেছে। ছেঁড়া কাপড় জড়াইতে জড়াইতে মাথা বাড়িয়া যাইতেছে। দূর-দুর্গম স্থানে গিয়া তাহারা আগুন জ্বালে এবং স্ত্রীলোক বিবাহ করিয়া তাহার বালককে মারিয়া ফেলে। লুঠ তাহাদের অর্জ্জন; অর্জ্জন করিয়া তাহারা পেটেই রাখে তাহাদের অন্যায়ে বৃদ্ধি, কন্দলে ক্ষয়। তাহারা দরিদ্রকে দয়া করে না। প্রবলকে ভয় করে না। তাহাদের সম্বল বাসি হয় না। বিবাহ করিয়া তাহার ঘর করে না। তাহাদের কাছে পাপের নিন্দা নাই, পুণ্যের কাজ নাই। শত্রুকে তাহারা ভয় করে না, মিত্রের কাজও করে না। তাহাদের হৃদয় শুদ্ধ নয়। তাহারা সাধুসঙ্গ করে না, তাহাদের বচন স্থির নয়। তাহাদের গ্রাস ছোট নয়। তাহাদের যশেও

লোভ নাই, অপযশেও ত্রাস নাই। লোককে পীড়া দিতে তাহাদের কষ্ট নাই, তাহারা কখনও পৃষ্ঠ ভঙ্গ দেয় না।

এইরূপ ব্যস্ত সমস্ত বহু কটক যাইতে দেখা গেল। তাহারা ভোজন ভক্ষণও ছাড়ে না, ও যাইতে পরিভূত হয় না।

তাহাদের পিছনে হিন্দুর দল আসিতেছে। কত রাজা আসিতেছেন তাই গণিতে পারা যায় না, রাউতের কথা কে লিখিতে পারে? দিগ্‌দিগন্তর হইতে সেবার জন্য রাজারা আসিয়াছেন। তাঁহাদের কটকও সঙ্গে আসিয়াছে। তাঁহাদের আপন আপন ধনের গর্ব্ব ও যুদ্ধের প্রশংসা পৃথিবীতে ধরে না। রাউতও তাহাদের পুত্র বহুত চলিতেছে। পদ-ভরে পৃথিবী কম্পিত হইতেছে। তাহাদের প্রতাপের চিহ্ন ভিন্ন ভিন্ন স্থানে ধূলী রহিয়া রহিয়া ঝাঁপিয়া পড়িতেছে। জোয়ানেরা দৌড়িতেছে, ঘোড়া নাচাইতেছে, দেমাক করিয়া কথা কহিতেছে। লোহিত, পীত, শ্যামল চামর ঢুলাইতেছে। সোণার কুণ্ডল কাণে দুলিতেছে। তাহার যখন আবর্ত্ত বিবর্ত্ত করিতেছে বা, পদ পরিবর্ত্ত করিতেছে, বোধ হইতেছে যেন যুগ পরিবর্ত্তন হইতেছে। ঘন ঘন তবল ও নিশান বাজিতেছে, কিন্তু তাহারা কানেও শুনিতেছে না। কেবল অন্যকে বুঝাইবার চেষ্টা করিতেছে "আমি কত বড়।" লক্ষ বরাদ্দ বেসরি (খচ্চর) ও গর্দ্দভ; আর কি বলিব? মহিষ প্রায় কোটি। সোয়ার সব যাইতেছে, পায়ে চলিয়াছে, পৃথিবী যেন ছোট হইয়া যাইতেছে। যাহারা অলস, তাহারা

পিছে পড়িয়া আছে এবং ঠাঁই ঠাঁই বসিয়া আছে। তাহারা গোধন পায় না, জিনিসপত্রও চাহে না। গোলামেরাও তাহাদিগকে ভুলিয়া যায়। তুরষ্কদিগের ফৌজে ফৌজে চারিদিগ ছাইয়া আছে। তাহাদিগকে অবসর দিয়া কলহ করিতে করিতে হিন্দু ভূমি উত্তীর্ণ হইতেছে। কোন বিপক্ষকে দেখিলেই, আর গণিতে হয় না, চাসর পক্ষীর মত সরিয়া যায়। যেমন মেঘমণ্ডল খণ্ড খণ্ড হইয়া ইন্দ্রের নগরের স্থানে স্থানে যায়, সেইরূপ হিন্দুর দল যাইতে লাগিল।

যখন সুলতান চলিলেন, তখন তাহার বর্ণনার শেষ কে জানে? সূয্য তেজ সম্বরণ করিলেন, অষ্টদিক্‌পালের কষ্ট হইতে লাগিল, ধরণী ধূলীতে অন্ধকার হইয়া গেল, প্রেয়সি প্রিয়কে দেখা ছাড়িয়া দিলেন, ইন্দ্রচন্দ্র ভাবিতেছেন কাহার উপর এখন আমাদের কান্তি ফেলিব। ফৌজেরা কান্তার দুর্গদলকে ছিন্ন ভিন্ন করিয়া পদভরে পৃথিবীকে খুঁড়িয়া দিয়া গেল। হরি ও শঙ্করের তনু এক রহিয়া গেল। ব্রহ্মার হৃদয় ভয়ে ডগমগ করিতে লাগিল। মহিষ উঠিয়া সোয়ারকে মারিয়া মনুষ্যের দিকে দৌড়িতে লাগিল। হরিণ-সমূহ পাইককে মারিয়া বেগে পলাইয়া গেল। শশক ও মূষক ভয়ে ভয়ে রহিল, কাস পক্ষী উড়িয়া গেল। ইব্রাহিম সাহের যুদ্ধের সময়ে যেখানে যেখানে সেনা যাইতে লাগিল, খনি, খেদি, খুখুন্দি ধরিয়া মারিতে লাগিল, জীব জন্তুরও নিস্তার রহিল না।

দূরদ্বীপান্তরের রাজাগণের নিদ্রা হরণ করিয়া দলে দলে

চুরি ও চাপল করিতে করিতে, শীকার খেলিতে খেলিতে, তীর ছুড়িতে ছুড়িতে, বনবিহার ও জল ক্রীড়া করিতে করিতে, মধুপান রতোৎসব করিতে করিতে, পরিপাটিরূপে রাজ্য সুখ অনুভব করিতে করিতে, রাস্তা পার হইয়া সুলতানের কটক তিরহুতে পৌছিল। আর সুলতান সিংহাসনের উপর বসিলেন।

তৎক্ষণাৎ সুলতান দুই রাজকুমারকে ডাকিয়া আজ্ঞা দিলেন; অসলান বড় সমর্থ, সে কি প্রকারে এখন নিবাস করিবে ?

তাহার জবাবে কীর্ত্তিসিংহ বলিলেন প্রভু আপনি কি কথা বলিলেন! আপনি কি শত্রুর সেনা গণিয়া হীন ব্যক্তিকে সময় দিতে চান? শত্রুর সামর্থ্য কল্পনা করিয়া কি হইবে? সকলে দেখুক' আমি নিকট যাইয়া শীঘ্রই যুদ্ধ জয়ের সংবাদ লইয়া আসিব, তাহার সেনা সারি সারি ঠেলিয়া ফেলিয়া এখনই অসলানকে ধরিয়া দিব। আজ শত্রু যদি যুদ্ধে আসে, আমি পিতৃবৈরি উদ্ধার করিব, ইন্দ্র যদি আপনার সৈন্য লইয়া তাহার সপক্ষ হন, কিম্বা যদি শম্ভু ও হরি ব্রহ্মার সঙ্গে মিলিয়া তাহাকে ধরিয়া থাকেন, অথবা যদি ফণিপতি তাহার রক্ষার জন্য রাগিয়া ধনু লইয়া লাগেন, আমি তথাপি অসলানকে মারিব, তবে আমার নাম কীর্ত্তি-সিংহ। তাহার রক্ত লইয়া পায়ে দিব। সে যদি সময় পাইয়া জীবনের আশায় পৃষ্ঠ দেখাইয়া পলায়ন করে, তাহা হইলে তাহার অবসান হইবে। তখন ফরমান পড়া হইল,

সে ফরমান সকল সময়েই সার পদার্থ। ফরমান কি না, কীর্ত্তিসিংহকে সকল সেনার সহিত পার করিয়া দাও।

তখন ঘোড়া লইয়া গণ্ডকের জল পার হইয়া পরবলভঞ্জন মহামদমদগামী গুরু স্নানের পর দলে দলে বিভক্ত করিয়া নিজ সেনা সজ্জিত করিলেন, ভেরী, কাহল, ঢোল, তবল' রণতুলা বাজিয়া উঠিল। রাজপুরীর পূর্ব্বে যে ক্ষেত ছিল, সেইখানে দুই প্রহর বেলায় দুই সেনা মিলিত হইয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইল।

পায়ের প্রহারে পৃথিবী কাঁপিতে লাগিল, পর্ব্বতের শিখর টুটিয়া পড়িল। প্রলয়ের বৃষ্টি হইতে যেমন শিলাবৃষ্টি হয়, সেইরূপ তরবারি ফুটিতে লাগিল। বীরপুরুষগণ "বে" "বে" শব্দ করিয়া রোমাঞ্চিত অঙ্গে অগ্রসর হইতে লাগিল, খড়্গের আগায় আগায় যে তরঙ্গ উঠিতে লাগিল তাহার চমকে চারিদিক চক্‌:ক্ করিতে লাগিল, তথাপি ঘোঁড়সোয়ারেরা দৌড়িয়া শত্রুসমূহের মধ্যে প্রবেশ করিল। পিছনে সব মত্ত হস্তী ও ঢালধারী আসিতে লাগিল। ধনুকের টঙ্কার শব্দে আকাশ মণ্ডল পূর্ণ হইতে লাগিল। ফৌজে ফৌজে সারি উঠাইয়া শত্রু সৈন্য চূর্ণ করিতে লাগিল! বিক্রমগুণচারী কীর্ত্তিসিংহ বীরদর্পে ক্রোধে অধীর হইয়া রহিলেন। লজ্জার কথা লজ্জায় গেল শত্রুর লজ্জা ভাঙ্গিয়া গেল। চারিদিকে মেদিনী দেখিতে লাগিল কাণের কাছে টানা ধনুক শর উগ্দীরণ করিতেছে। চোট উঠিয়া নিজ স্থির ভুজদণ্ডে লাগিতে লাগিল।

বীরেরা হুঙ্কার করিয়া গর্জ্জন করিতেছে, পদাতি চক্র ভাঙ্গিয়া দিতেছে। শীঘ্রগামী ধারা ক্রটিত হইতেছে। সাঁজোয়াগুলায় বাণ ফুটিয়া যাইতেছে। রাউতেরা রোষ করিয়া লাগিতেছে খড়্গে খড়্গ ভাঙ্গিয়া যাইতেছে। অতি ক্রোধে বীরেরা আসিতেছে ও স্থানে স্থানে ধাবিত হইতেছে। এক একজন এক এক জনের সহিত যুদ্ধ করিতেছে, এবং শত্রুর লক্ষ্মীকে মিটাইয়া দিতেছে। আপনার দিক রক্ষা করিয়া অন্য দ্বারা শত্রু সংহার করিতেছে। একজন আর একজনকে বুঝিয়া লইতেছে; কে কার পক্ষে যুদ্ধ করিতেছে। দুইপক্ষ উঠিয়া সংগ্রামের মধ্যস্থলে মিলিত হইল। খড়্গে খড়্গে সংঘাত হইয়া অগ্নির স্ফুলিঙ্গ উঠিতে লাগিল। ঘোড়সোয়ারের তলোয়ারের ধারে রাউতের সঙ্গে ঘোড়াকেও কাটিয়া ফেলিল। বেলকের বজ্র-নিঘাত কবচের সহিত শরীর ফুটাইয়া দিতেছে। শত্রুর হাতীর পাঁজরা রক্তের ধারায় মিলিয়া গেল। আকাশ পর্য্যন্ত খবর হইল রাজা কীর্ত্তিসিংহের কার্য্যরসে বীরসিংহ সংগ্রাম করিতেছেন। ধর্ম্ম দেখিতেছেন, আর সুলতান দেখিতেছেন, অন্তরীক্ষ আচ্ছাদন করিয়া ইন্দ্র, চন্দ্র, সুর, সিদ্ধ, চারণ, বিদ্বান, বিদ্যাধর দেখিতেছেন। বীরের যুদ্ধ দেখিবার জন্য যেখানে যেখানে শত্রুর দল জড় হইল, সেইখানে সেইখানেই তরবারি পড়িতে লাগিল। কীর্ত্তিসিংহ শত্রু সৈন্য মারিয়া মেদিনী শোণিত মজ্জিত করিয়া দিলেন।

কবন্ধের মুণ্ড পড়িতেছে, বাহুদণ্ড স্খলিত হইতেছে, শিয়াল

হাড় মড় মড় করিয়া খাইতেছে, দেহটা কাটা গিয়া যখন পড়িতেছে ধরার ধূলিতে লুটাইতেছে। কাটা পা খানিক লটপট করিয়া ঠাণ্ডা হইয়া যাইতেছে। রক্তমাখা নাড়ীভুড়িতে আবদ্ধ হইয়া অত্যন্ত উৎসাহে গৃধ্রকুল মাংস গিলিতেছে ও উড়িতেছে। প্রেতগণ গান করিতে করিতে খাইতেছে ও পেট পুরিতেছে। পূর্ণমাত্রায় মহামাংসের খণ্ড সংগ্রহ করিতেছে। শিয়াল হুক্কাহুক্কা করিয়া শব্দ করিতেছে। অনেক ডাকিনী ক্ষুধায় ডক্কার করিতেছে। হিংস্র জন্তু অত্যন্ত চীৎকার করিয়া শব্দ করিতেছে। কবন্ধ উল্টাইয়া পাল্টাইয়া পড়িতেছে। ধনুর্ব্বাণে বিদ্ধ সৈন্য ছটফট করিতেছে, কষ্টে নিশ্বাস প্রশ্বাস ফেলিয়া প্রাণত্যাগ করিতেছে।যেখানে নানা তরঙ্গযুক্ত রক্তের নদী, সেখানে সারি সারি সজ্জিত হাতি ডুবিয়া যাইতেছে। হিংস্র জন্তুরা হাত, অন্য অন্য অঙ্গ ও মাথা উল্টাইয়া পাল্টাইয়া খুঁড়িয়া রক্ত খাইতেছে, হাতে হাতী ওঠে না, ছাড়িয়া দিয়া পিছু হঠিয়া চলিয়া যাইতেছে। ভুতেরা মানুষের কবন্ধ ধরিয়া ফাঁড়িয়া ফেলিয়া তাহার হৃৎপিণ্ড বাহির করিয়া ফেলিয়া দিতেছে ও রুধির তরঙ্গিনীর জলে জরফরি খেলা খেলিতেছে। ডমরু ও ঢক্কা বাজাইয়া ডাকিনীগণ নাচিতেছে ও সবদিকে ডক্কার করিতেছে। নরকবন্ধে পৃথিবী ভরিয়া যাইতেছে। কীর্ত্তিসিংহ রাজা যুদ্ধ করিতেছেন। দুই সেনার যুদ্ধ, খড়্গ যে খণ্ড খণ্ড হইয়া যাইতেছে, তাহা কেহ মনেও করিতেছে না। যুদ্ধে নিহত হইয়াও দৌড়িয়া গিয়া অন্য লোককে ধরিতেছে। অন্তরীক্ষ হইতে স্বচ্ছ বারি বর্ষণে রণক্ষেত্র পরিষ্কার হইয়া যাইতেছে।

মনোভব ভ্রমর ভ্রমণ করিতেছে, নয়নের প্রান্ত ভাগ প্রেমপিচ্ছল হইয়া যাইতেছে [রিপুস্ত্রীর চক্ষের নির্ম্মল জলে তাহার অঞ্চল পরিষ্কার হইয়া যাইতেছে] গন্ধর্ব্বের গান ও দুন্দুভির পরিমাণের পরিচয় কে জানে? কীর্ত্তিসিংহের রণসাহস দেখিয়া সুরগণ পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন।

তখন মালিক অসলান চিন্তা করিলেন। আমার সকল সেনাই মরিয়া গেল, বাদসাহের কি হানি হইল? আমার দুর্নীতিরূপ মহাতরু ফলিল। দুর্দ্দৈব আমার নিকট আসিয়া উপস্থিত হইল। তথাপি জীবন পাল্টাইয়া লই। স্থির নির্ম্মল যশ উপার্জ্জন করি। কীর্ত্তিসিংহের সহিত সিংহের মত একবার দেখা করিব।

ছন্দঃ। হাসিয়া যে দক্ষিণ হস্ত এখনও সমর্থ আছে, তাহাতে খড়্গ লইয়া যুদ্ধের অনুরাগ পাল্টাইয়া লইল। মনোহর শিক্ষায় ঘোড়া নানারূপ চক্র দেখাইতে লাগিল। বিদ্যুতের ঝলকের মত তরবারি চমকাইতে লাগিল। শরীরের উপরিভাগে নানা স্থানে ক্ষত হইয়া শোণিতের ধারায় ধারা বহিতে লাগিল। শোণিতের তরঙ্গে তুরঙ্গের শরীর রঞ্জিত হইয়া গেল। রোষের বশে কখন খড়্গপ্রহার লাগে, কখন লাগে না। সকল লোকে দেখিতেছে ও মহাভারতের যুদ্ধের কথা ভাবিতেছে। যেমন অর্জ্জুন ও কর্ণ বর্ত্তভরে যুদ্ধ করিয়াছিলেন অথবা মহাদেব ও বাণাসুর পরস্পর যুদ্ধ করিয়াছিলেন। মহারাজ মলিককে চাপিয়া লইলেন। অসলান নিজেই পৃষ্ঠ

ভঙ্গ দিল। সেই সময় রাজা তাহাকে দেখিয়া অনায়াসে পাকড়াইয়া লইলেন। তুমি যে হাতে আমার বাবাকে মারিয়াছ, তোমার সে হাত আমি কেমন করিয়া হরণ করিব।

অরে অরে অসলান, প্রাণ কাতর, অবজ্ঞাত মানস, সমর-পরিত্যাগ-সাহস, ধিক্ জীবনমাত্ররসিক তোকে, তুই শত্রুতা করিয়া অপযশ সাধন করিয়া যাইতেছিস্। তুই আমার দৃষ্টির সামনে পীঠ দেখাইয়াছিস্। ভাসুরের কাছ থেকে ভাদ্রবধূর মত সোঝা চলিয়া যা। যাহাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করিবি, তাহার কাছে তুই চলিয়া যা। ত্রিভুবনে আমার কীর্ত্তি জাগরুক থাকুক, তোর জীবনদান দিলাম। তুই যখন রণে ভঙ্গ দিয়াছিস্, তখন তুই কাতর। যে তোকে মারিবে, সেও কাতর। অরে তুই যা যা নীচগণের অনুগমন কর।

কীর্ত্তিসিংহ হাসিয়া হাসিয়া এই কথা বলিলেন! তখন রণ জয় করিয়া রাজা ফিরিয়া আসিলেন। শংখ ধ্বনি উত্থিত হইল। নৃত্য গীত হইতে লাগিল। বাজনা বাজিয়া উঠিল। চারিবেদের ঝংঙ্কার হইল। শুভ মুহূর্ত্তে অভিষেক করা হইল। বান্ধব জন উৎসাহ করিতে লাগিলেন। তিরহুতি আপনার পূর্ব্বরূপ ধারণ করিল। বাদসাহ তাঁহার মাথায় তিলক দিলেন। কীর্ত্তিসিংহ রাজা হইলেন।

এইরূপে সাহস করিয়া যুদ্ধক্ষেত্র প্রমথন করিয়া কার্ত্তিসিংহ মহারাজ যে লক্ষ্মীলাভ করিয়াছেন তাহা যতদিন চন্দ্র ও সূর্য্য থাকিবে তখন পরিপুষ্ট হইতে থাকিবে। আর মাধুর্য্যের

প্রসবস্থলীস্বরূপ যশোবিস্তারের শিক্ষাসখীসদৃশ বিদ্যাপতি কবির কবিতা সমস্ত বিশ্বে ব্যাপ্ত হইতে থাকুক।

মহামহোত্তর সট্‌ঠক্কুর বিদ্যাপতি বিরচিত কীর্ত্তিলতার চতুর্থ পল্লব শেষ হইল।

নেপাল সম্বৎ ৭৪৭, (১৬২৭ খৃঃ অব্দ,) বৈশাখ শুক্ল তৃতীয়া তিথিতে শ্রীশ্রীশ্রীজয়জগজ্জ্যোতির্ম্মল্ল দেব মহারাজের আজ্ঞায় দৈবজ্ঞ নারায়ণ সিংহ এই পুস্তকের নকল সম্পূর্ণ করিলেন। মঙ্গল হউক।

THE BAGBAZAR READING LIBRARY.
ESTD. 1883.
CALCUTTA.

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১	৯	শিখাবৈদগ্ধ্য	শিখা বৈদগ্ধ্য
২	১৩	ন হি	নহি
২	১৮	জাই	জই
২	২০	কলা উচ্ছইল্ল	কলাউ ছইল্ল
৩	২	পাউঅ রসকো	পাউঅরস কো
৩	৯	হিআঁ অ	হিঅঅ
৩	১০	সুঅন	সুঅণ
৩	১৯	জাসু করে	জাসুকরে
৪	৯	কিত্তি সত্তে	কিত্তি ; সত্তে
৪	১০	পসিদ্ধ জগকে	পসিদ্ধ জগ কে
৪	১২	সরণ পরিহরিঅ	সরণ [ন] পরিহরিঅ
৪	১৬	সনরাএ	সন রাএ
৫	৮	স ভাসই	সভাসই
৫	১২	বৈদগ্ধ	বৈ দগ্ধ্য
৫	১৪	ধনঞ্জয়বতার	ধনঞ্জয়াবতার
৫	১৫	পক্রিয়া সমস্ত	সমস্ত প্রক্রিয়া
১	১৬	বীর সিংহ দেব	বীরসিংহ দেব
৫	২০	সাহি করো	সাহিকরো
৭	৫	কহিঅজে	কহিঅ জে
৭	১৫	অখ্‌খর্‌রস বুঝঝ নিহার নহি	অখ্‌খররসবুঝঝনিহার নহি,
৮	৮	মহা [রা] জট্টিকরো	মহাজট্টিকরো
৯	১৫	কমমন কাঁ	কমমনকাঁ
৯	১৬	ছত্তিঅ	ছড্ডিঅ

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১০	২০	চারু মেখল	চারুমেখল
১০	২১	পাসান কুট্টিম	পাসানকুট্টিম
১১	৯	নঅন কজ্জল	নঅনকজ্জল
১১	১৬	নঅরহ্নি করোপরি	নঅরহ্নিকরোপরি
১১	২১	অষ্টধাতু ঘট নাটাঙ্গার	অষ্টধাতু ঘটনাটাঙ্গার
১১	২১	ক্রেস্কার	ক্রেস্কার
১২	৫	পৃথীচক্র করেও	পৃথ্বীচক্রকরেও
১২	১৮	জোব্বণ গুণে	জোব্বণগুণে
১২	২২	বে সাহই	বেসাহই
১৩	১	সর্ব্বউকেরো	সর্ব্বউ কেরা
১৩	১৩	কহঞোকা	কহঞো কা
১৪	১০	বীচবিবর্ত্ত	বীচি বিবর্ত্ত
১৫	৮	ততোবে	ততো বে
১৫	১৭	বহুঁতো	বহুঁ তো
১৫	১৮	তুরক্কেকা	তুরক্কে
১৬	৭	সব্ব সুসঁ	সবসুস
১৬	৮	অবিবেক করীবী	অবিবেককরীবী
১৬	৮	কাপাচ্ছাপত্রদালেলে	কা পাচ্ছাপত্রদা লেলে
১৬	১৪	দদস	দ দস
১৬	১৫	হুকুম	হুকুম
১৭	১৪	দুরহি	দুরহি
১৭	২২	থান	থান
১৮	১৪	সোহন্তা	সোভন্তা
১৮	১৮	উথিমিত্ত	উথি মিত্ত
১৮	১৯	ভর্ব্বকই	ভব্বকই
১৮	২০	বলওঠ মাহিঁ	বল ওঠমাহি

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৯	১	দববালও	দরবালও
১৯	৩	খোআর	খোআব
১৯	১০	বার্ত্তাকে	বার্ত্তা কে
১৯	১৩	অপমানিঞ	অপ মানিঞ
২০	১২	খোদালম্ব	খোদাল (১৪) ম্ব
২০	১৬	পাইঅ,	পাইঅ।
২২	৭	সুবতানহু	সুরতানহু
২৩	১০	অগ্ধিধস	অগ্‌গিধস
২৩	১১	মারি কর	মারি কর
২৩	১২	ভোগি	ভাগি
২৩	১৬	কিঅ উথল	কিতউ থল
২৩	১৭	সংকহুঅ	সংক হুঅ
২৪	১২	চান্দন কমূলে	চান্দনক মূলে
২৫	১৪	পাণি প্পহ	পাণিপ্পহ
২৫	১৫	দধীচি করো	দধীচিকরো
২৫	১৭	অংমমুহ	অংমুহ
২৬	৯	ধুঅন	ধুঅ ন
২৬	২১	সন্নগ্‌গহ	সন্ন গ্‌গহ
১৬	২১	করমান	ফরমান
২৭	১	রিপুমলী	রিপুমণ্ডলী
২৮	১২	ইথি্‌থন	ইথি ন
২৮	১৩	সংপলিঅ	সংপ লিঅ
২৯	১	দম সথি	দমসথি
২৯	৭	থন চারকই	থনবারকই
২৯	১৭	বিপথ্‌খ কেন মেন	বিপথ্‌খ কেনমেন
৩০	২	থোরে	থোর

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩০	১২	পাঠ	পাট
৩০	১৫	সিন্দুপার সম্ভূত	সিন্দুপারসম্ভূত
৩০	১৯	অচ্ছোলিল	অচ্ছোলিল,
৩১	২	রাঅ গিরি	রাঅগিরি
৩১	৩	সর্ব্বজা	সব্ব জা
৩১	৯	উলটিকরবট্টদে	উলটি করবট্ট দে
৩১	১৫	কাঁচ মাসুক বহুকরভোজন	কাঁচমাসুক বহু কর ভোজন
৩১	১৭	ধাবাথ	ধারাথ
৩১	১৮	বগলকরোটী	বগল রোটী
৩২	৩	মিসিমিলকএ	মিসিমিল কএ
৩২	১৭	পিউঁ বাউঁ	পিউঁবাউঁ
৩২	১৯	ভোঅনভথ্‌খন চ্ছোড়	ভোঅনভথ্‌খন চ্ছাড়
৩৩	১২	বুঝঝা বই	বুঝ্‌ঝাবই
৩৩	২২	অত্ততাক	অত্ত তাক
৩৪	৮	পরিএহু	পরি এহু
৩৪	১১	উঁঠ	উঁঠ
৩৫	৬	কাকুমন্ত	কা কুমন্ত
৩৫	৬	অস্পিয়	অস্পিঅ
৩৫	১৬	সম অনিঞ	সমঅ নিঞ
৩৫	২০	পর বল-ভঞ্জন	পরবলভঞ্জন
৩৫	২১	অকথ সনানে	অকঅ সনানে
৩৬	৭	পই সথি	পইসথি
৩৬	৮	হরি আইত সম্মে	ফরিআইতসম্মে
৩৬	৯	টংকারভাবনহমণ্ডল	টংকারভাব নহমণ্ডল
৩৬	১১	বিক্‌কম গুণচারী	বিক্‌কমগুণচারী
৩৬	১৮	মগ্গে	মগ্‌গে

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩৭	৬	গত্র	গত্র
৩৭	১২	কারু	করু
৩৭	২২	বহু	বহূ
৩৮	৩	সরাসান ভিন্না করে দে ইসানো	সরাসানভিন্না করে দেই সানো
৩৮	৫	তয়ঙ্গো	তয়ঙ্গো
৩৮	৭	বিফোরিখা	বিফোরি খা
৩৮	৯	বে আবহ	বেআবহ
৩৮	১৪	সবীর	সরীর
৩৯	১	পলাটিকহু	পলাটিহুঁ
৩৯	১৪	কন্ন	কণ্ণ
৪০	৩	কিত্তিমম	কিত্তি মম

Kīrtilatā

CHAPTER I

"Father let me have that lotus-stalk from the celestial stream."

"O son, it is not a lotus-stalk but a big snake."

Hearing this, Ganeśa began to cry and Śambhu to smile. Let the interest evinced by Pārvatī in this little incident protect you.

I bow to the lotus-feet of Śambhu who dispels the darkness of ignorance by his three eyes, representing the moon, the sun and fire.

May Bhāratī protect you. Bhāratī who is the source of the knowledge of all things, who dances on the stage like human tongue, who is the flame of the fire of true knowledge, who is the resting place of humorous sayings, who is like the celestial stream in which the nine *rasas* play like ripples and who is the honourable companion of fame, which lasts to the end of the world.

In the Kali era poems are to be found in every household, hearers of poetry are to be found in every hamlet, critics are to be found in every country, but patrons are difficult to have.

The king Kīrtti Siṃha is a good lover of poetry, a good critic and a good patron. Let Vidyāpati write a good poem about him who is a poet too.

(SANSKRIT ENDS AND THE VERNACULAR BEGINS)

[*Dohā*]

The three worlds are a field. How can the creeper of fame spread over it unless a scaffolding is raised with literary works for its posts. A poem, whatever its merit, is good to me when it has an established reputation. The wicked will find fault with it in a spirit of levity but the good will appreciate everything. The good man will appreciate my poem and the wicked will cry it down. The snake, forsooth, will vomit poi·on and the moon will pour nectar. The good think in the inner recesses of their mind and make friends of all, but if a wicked man points out real defects, he is not an enemy.

Ridicule aimed at the young moon and the language of Vidyāpati cannot touch them, because one adorns the head of Hara, the supreme god, and the other charms the mind of all who appreciate poetry. How am I to remonstrate, how am I to make the beauties known, how am I to infuse the appreciation of poetry into minds impervious to it. If my language is delightful, he who appreciates will praise it. The bee smells honey that is in the flower and the critic under-

stands the art of poetry. The good are for doing good to others but the wicked are always dirty in their heart. Learned men think of Sanskrit, nobody appreciates the beauties of the Prakrit ; the vernaculars are sweet to all, the Apabhraṃśa is equally appreciated.

The female bee asks her mate : "O bhṛṅga, tell me who is the best in this world ? Who is the embodiment of heroism and who regards honour as dearer than life ? If any hero has been born, O dear, tell me his name. If you speak of him with fervour and in plain terms, I am here anxious to hear. If there is any one who loves fight with valiant opponents for fame, whose heart is bent on virtue, who never speaks in a supplicating mood even in danger and difficulty, who is naturally cheerful, whose wealth is shared by good people, who forget his charities as one forgets one's enemies, he is really a hero. These are his characteristic attributes. He deserves all praise".

Bhṛṅga says : "If a man has manly qualities he is to be called a man. A man should not be so called by the mere fact of his birth. The cloud is called 'the giver of water" because he really showers water. A huge quantity of smoke will not be called a cloud or a giver of water. He is a man who has a sense of honour, he is a man who can acquire property. The others have the form of a man but they are really tailless beasts. That is the story of a man of which the rehearsal produces merits, gives happiness, good food, pleasant gossip and

makes the meritorious hearer go to the gods in heaven. Vali rājā was a man whose history people are eager to hear. Rāma was a man because he killed Rāvaṇa by the strength of his arms. Bhagīratha was a man because he emancipated the whole of his race. Paraśu-rāma was a man because he destroyed the kṣatriya race. If you are to praise a man, praise Rājaguru Kīrtti Siṃha, son of Rājā Ganeśa, because he avenged the death of his father by crushing his enemy in a battle".

Bhṛṅgī says : "The story of the Rājā will be delightful to hear, dear, do not keep it a secret. Of what dynasty was he a king and who is Kīrtti Siṃha ?"

Bhṛṅga says : "He belonged to the Oinī family who studied the abstruse philosophy and the Vedas, who combated poverty by three kinds of gifts, who understood the great Brahma and the supreme God, who with their wealth amassed fame and fought battles by the strength of their arms. The family is well-known in the world. Who has not served it ? You will not get in one place two things, namely, work of a ruler and that of a brāhmaṇa. These have surpassed by their gifts Vali and Karṇa of old, they never became dependent on others, they never sent away suitors from their door, they never liked anything but truth. Many have passed their lives by serving them. Tell me by what means can I speak of the greatness of this family. In this family was born a Rājā like Kāmeśvara of ready wit".

[*Chappayi*]

His son was Bhogīśa Rāya, like Indra in his enjoyments of the good things of the world. His splendour was like that of fire when offerings are poured into it, yet he was as beautiful as the god with flowery arrows. He was known for the grant of his lands as the fifth (of the celebrated munificent men in India). The Emperor Firoj Shah honoured him by the epithet of "my dear friend." He attracted to himself all classes of men by his prowess, by his gifts and by the qualities of his head and heart, and he spread all over the world his fame, as spotless as the Kunda flower.

[*Dohā*]

His son was Gaṇeśa or Gaṇeśvara. He was trained in politics and in judicial work. He sent to the ten quarters the story of the flower of his fame. He was great in gifts and always pleased his suitors. He was great in honour because he always destroyed the greatness of his enemies. He was great in magnanimity in which he left Indra far behind. He was great in fame because he governed the whole earth. He was great in beauty for even the great five-arrowed God may be equal to him in appearance. Gaṇeśvara, the famous son of Bhogīśvara, was the guru of the world.

[*Gadya*]

Of his sons, the Yuvarājas, the purest was Mahārājādhirāja Vīra Siṃha Deva who had innumerable good qualities of head and heart. Like Paraśurāma he fulfilled every word of his vow. He was the auspicious home of poetry and in poetry he was Kālidāsa himself. When powerful enemies with large armies of fighters made the battle-field a confused mass of men, he became irresistible for his valour and in the expertness in archery he was an incarnation of Arjuna. He was a votary of Mahādeva and he was very particular in the discharge of his duties as a king.

His brother younger but greater in character was Rājā Kīrtti Siṃha. Let him live long, govern the world and uphold Dharma. With him can be compared only one man, Vikramāditya, of immense powers. By his valour he pleased the Emperor and crushed the pride of wicked people, and by avenging the death of his father he satisfied the ambition of the Shah. When his army met the powerful army of his enemy, the dust raised by the hoofs of the horses on both sides was spread in the atmosphere by their confused encounter and by the stamping of their feet ; therefore the day became like night with thickness of darkness. He caught the goddess of Victory by her hand like a woman going to her lover in the darkness of midnight. He uplifted the rāj which was sinking deep. He knew the effects of the three

powers, that of prestige, that of munificence and that of knowledge. Prosperity was leaving him in anger and he brought her back. Doing all this, he saved the pride of his family and spread on all sides his fame as white as the foam of the sea of war with heaving waves of water.

[*Sanskrit*]

The lady of fame of Rājā Kīrtti Siṃha may surpass the digit of the moon, because the digit of the moon plays on the head of Mahādeva and fame plays on the heads of the Rājā. The digit has the white ashes on the body of Śiva as her ornaments while fame brought in her train immense wealth which adorned all sides.

Here ends the first branch of the creeper of fame by Vidyāpati.

CHAPTER II

Bhṛṅgī : "How did the enmity arise ? How did Kīrtti Siṃha suppress it ? O dear, tell me the auspicious story. I will hear it with delight."

Bhṛṅga : "When 252 was written of the era of Lakṣmaṇa Sena, in the month of Caitra, in the fifth day of the moon, in the first fortnight, the avaricious Asalāna was defeated by the prowess and skill of Gaṇeś-vara. But sitting by his side Asalāna killed the confiding Rājā. On the assassination of the Rājā there was cry for war and the world was filled with lamentations. The left eye of the ladies of the celestial capital began to throb. The Ṭhākuras or feudal chiefs became cheats. Thieves occupied wealthy mansions. Slaves oppressed their lords. Dharma sank into doubt and difficulty. The wicked began to lord it over the good. There was no one to judge properly. Good and bad castes began to intermarry and the low began to beat the high. There were no literary men, and good men became beggars and began to roam in quest of alms to various houses. When Rājā Gaṇeśa went to heaven all that was good in Tirhut disappeared."

After killing the Rājā, when his anger subsided, Asalāna was very much ashamed in his mind and he considered that he did wrong. He thought of right and wrong, and began to shake his head. For the atonement of this sin he did not find any other

merit but that of returning the Rāj, and honouring Kīrtti Siṃha.

But the lion-hearted and honourable Kīrtti Siṃha ready to avenge the wrong did not accept the Rāj offered by the enemy. The mother pleaded, the elders pleaded. The ministers and friends gave him advice : "You should not do this at all. Who is there that resolves upon taking revenge throwing away the proffered kingdom. For his own benefit Rājā Gaṇeśa has gone to the celestial city in the company of Indra. You better make a friend of your enemy and enjoy the Rāj of Tirhut."

At that time, when mother, friends and the public were urging this way, the lion of vengeance sleeping in the cave of his heart awoke and in anger Kīrtti Siṃha began to speak :

"O my men, your sorrow is unmeaning. You have so soon forgotten your lord. You are experts in tortuous policy. Hear what I have to say. Mother says that her mind is unsettled and the minister speaks of royal policy. I love but one thing—the conduct of a hero. Meals without honour, rāj offered by an enemy, and life as a dependant all three lower prestige. He who is not sorry when insulted, he who does not know the secrets of the sword of giving, he who does not think that doing good to others is meritorious is blessed indeed! He has no heart and he lives a blessed life.

It is impossible to say anything for certain, but my firm resolve is that I shall take the citadel of my enemy by storm. I have an elder brother, he is my guru and he has a clever minister. I take my vengeance on the assassins of my father but will not accept the kingdom given to me. I will fight bravely in war but will not seek emancipation as a dependant. I will destroy poverty by munificence, but will never say 'no'. I will show cleverness in marching against my enemy but will never display my attachment to the low and the wicked. I will keep the pride of the race, but as long as I live, I will never have any intercourse with them. Let my friends remain or go, even let my rāj remain or go. Vīrasiṃha ! this, I tell you, is my firm resolve."

